সুন্দরবনের বাঘ আবারও লোকালয়ে, জনমনে আতঙ্ক

॥ বদিয়ার রহমান/সালাউদ্দিন বাপ্পী ॥

সাতক্ষীরাঃ মাত্র ৪ দিনের মাথায় গত শুক্রবার রাতে সুন্দরবনের সেই বাঘটি আবারও উপকূলীয় উপজেলা শ্যামনগরের মীরগাং এলাকায় চলে আসে। সেখানে রাত্রিযাপনকালে বাঘটি পোষা ৩টি ছাগল ও একটি কুকুর খেয়ে ফেলে। রাতভর বনবিভাগের লোকজন শতাধিক রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ করে এবং জনতা পটকাবাজি ফুটিয়ে বাঘটিকে শনিবার ভোরের দিকে সুন্দরবনের ফিরে যেতে বাধ্য করে।

এদিকে, মাত্র ৪ দিনের ব্যবধানে সুন্দরবনের এ বাঘটি নদী পার হয়ে লোকালয়ে চলে আসায় উপকূলীয় এলাকার মানুষের মধ্যে আতংক ছড়িয়ে পড়েছে। ছড়িয়ে পড়েছে ঈদে বাবার বাড়িতে বেড়াতে আসা মেয়ে-জামাই ও তাদের স্বজনদের মধ্যেও। তাই ঈদের আগেই অনেক মেয়ে-জামাই তাদের নিজ বাড়িতে ফিরে যাচ্ছে।

এলাকাবাসী সূত্রে জানা যায়, শুক্রবার রাত ১০টার দিকে মীরগাং নদী পার হয়ে সুন্দরবনের একটি বাঘ শ্যামনগর উপজেলার মীরগাং গ্রামের হরেন্দ্রনাথ মন্ডলের ছেলে তারকনাথ মন্ডলের বাড়ির ভিতরে প্রবেশ করে ছাগল ঘরে গিয়ে আশ্রয় নেয়। বাঘটি সেখানে রাতভর অবস্থানকালে ৩টি ছাগল ও একটি কুকুর খেয়ে ফেলে। বাঘটির উপস্থিতি টের পেয়ে বাড়ির কর্তার আর্তচিৎকারে এলাকার লোকজন বাড়িটি ঘেরাও করে রাখে। খবর পেয়ে বনবিভাগের কর্তাব্যক্তিরাও চলে আসেন। উত্তেজিত জনতা কর্তৃক অবরুদ্ধ বাঘটি সুন্দরবনে পাঠিয়ে দেয়ার জন্য বনবিভাগের লোকজন এসময় কম করেও শতাধিক রাউন্ড গুলিবর্ষণ করে। জনতাও ঢাক-ঢোল ও পটকাবাজি ফুটাতে থাকে। এক পর্যায় ভোরের দিকে বাঘটি নীরবে বনে ফিরে যায়। সুন্দরবনের কদমতলা ফরেস্ট স্টেশনের ফরেস্ট গার্ড আবুল কালাম এবং কৈখালী ফরেস্ট স্টেশনের ফরেস্ট গার্ড শাহবুদ্দিন খান জানান, বাঘটি লোকালয়ে চলে আসার পর তারা সেখানে অবস্থান গ্রহণ করেন এবং বাঘ যাতে নির্বিঘ্নে বনে ফিরে যেতে পারে সে জন্য তারা কমপক্ষে শতাধিক রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ করেন। এর এক পর্যায় ভোর ৫টার দিকে বাঘটি বনে ফিরে যায়।

মীরগাং গ্রামের তারকনাথ মন্ডল জানান, বাঘটি তার বাড়ির পিছন দিক থেকে ভিতরে প্রবেশ করে ছাগল ঘরে আশ্রয় নেয়। সেখানে বাঘটি তার পোষা ৩টি ছাগল ও একটি কুকুর খেয়ে ফেলে। এসময় জীবন্ত বাঘ দেখে তার স্ত্রী দিপালী রানী মন্ডল জ্ঞান হারিয়ে ফেলেন।

মীরগাং গ্রামের কৃষ্ণপদ মন্ডল জানান, গত দু'মাস আগে তার মেয়ে মিনতী রানী মন্ডলের বিয়ে হয়েছে পাশের ধুমঘাট গ্রামের জয়ন্ত মন্ডলের সাথে। মেয়ে-জামাই কয়েকদিন আগে তার বাড়িতে বেড়াতে এসেছে। কিন্তু গত কয়েকদিনধরে লোকালয়ে বাঘ চলে আসায় তারা ভীত-সন্ত্রস্ত হয়ে গতকাল সকালেই চলে গেছে।মীরগাং গ্রামের কার্তিক মন্ডল ও পরিতোষ মন্ডল জানান, সহজে শিকারের আশায় বাঘটি রাতে লোকালয়ে চলে আসে। তাদের ধারণা বাঘটি যেহেতু ছাগল কুকুরের মাংসের স্বাদ পেয়েছে, সেহেতু আবারও লোকালয়ে ফিরে আসতে পারে। এ কারণে লোকালয়ের মানুষ আরো বেশী আতংকগ্রস্ত হয়ে পড়েছে। যে কারণে সন্ধ্যার পর রাস্তা-ঘাটে মানুষের চলাচল কমে গেছে। এমনকি একটু রাত হলেই মানুষ আর ঘরের বাইরে বের হচ্ছে না। উল্লেখ্য, এর আগে গত ৩১ আগস্ট রাত ৮টার দিকে সুন্দরবনের নদী পার হয়ে এ বাঘটি উপজেলার রমজাননগর ইউনিয়নের কালিঞ্চি গেটপাড়া দিয়ে ঢুকে পড়ে। সেখান থেকে ৩ কিঃ মিঃ এলাকাজুড়ে বাঘটি চলাফেরা করে ফের বনে চলে যায়। এ বাঘটি গত ৩০ আগস্ট রাত ১০টার দিকে নদী পার হয়ে মীরগাং এলাকায় চলে এসে পরিতোষের বাড়িতে আশ্রয় নেয়। বাঘের

উপস্থিতি টের পেয়ে মীরগাং টহলফাড়ির কর্মকর্তা ও এলাকাবাসি চিৎকার করলে বাঘটি ফের বনে চলে যায়। সুন্দরবনের সাতক্ষীরা রেঞ্জের সহকারি বন সংরক্ষক (এসিএফ) তৌফিকুল ইসলাম লোকালয়ে বাঘ প্রবেশ করার কথা স্বীকার করে বলেন, খবর পেয়ে তার রেঞ্জের আওতাধীন ৪টি ফরেস্ট স্টেশনের কর্মকর্তা এবং কর্মচারীকে একত্রিত করা হয় এবং রাতভর চেষ্টার পর বাঘটিকে বনে ফেরত পাঠানো সম্ভব হয়।

নগরীতে আ'লীগ নেতাসহ ৪ জনের কাছ থেকে সাড়ে তিন লক্ষাধিক টাকার মালামাল ছিনতাই

।। স্টাফ রিপোর্টার ।।

খুলনা জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক জোবায়ের আহমেদ খান জবাসহ চারজনের কাছ থেকে নগদ টাকা, স্বর্ণালংকার মোবাইল ফোনসহ ৩ লাখ ৭২ হাজার ৫০০ টাকার মালামাল ছিনতাই হয়েছে। শুক্রবার দিবাগত রাত তিনটার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনায় জোবায়ের আহমেদ জবা বাদী হয়ে শনিবার রাতে খুলনা থানায় একটি মামলা দায়ের করেছেন।

খুলনা মহানগর গোয়েন্দা পুলিশের পরিদর্শক মামুন খান জানান, আওয়ামী লীগ নেতা জবা ও তার স্ত্রী শায়লা জোবায়ের খান নিপা শুক্রবার দিবাগত রাত তিনটান দিকে টুটপাড়া সেন্ট্রাল রোডস্থ চৌধুরী মঞ্জিলের মোঃ জাহির হোসেনের বাড়ী থেকে দাওয়াত খেয়ে টুটপাড়া মেইন রোডস্থ নিজ বাড়ীতে ফিরছিলেন। এসময় তাদের সাথে মোঃ জাহির হোসেন ও তার স্ত্রী লিজা এগিয়ে দেয়ার জন্য একসাথে যাচ্ছিলেন। পথিমধ্যে জনৈক কিসমাতুল হাকিমের (ডেপুটি বাড়ী) বাড়ীর ভেতর থেকে মুখে কালো কাপড় বাধা ৩ জন সশস্ত্র ছিনতাইকারী তাদের গতিরোধ করে। এসময় ছিনতাইকারীরা জবাকে রাম দা দিয়ে কুপিয়ে আহত করে। তিনি স্থানীয় একটি ক্লিনিকে চিকিৎসা গ্রহণ করেন। ছিনতাইকারীরা জবার কাছ থেকে নগদ ২৩ হাজার ৫০০ টাকা ও একটি মোবাইল ফোন, ৫৬ হাজার টাকা মূল্যের দুইটি স্বর্ণের আংটি, জবার বন্ধু জাহিরের নিকট থেকে নগদ ৬ হাজার টাকা, তার স্ত্রী লিজার গলায় থাকা ১ লাখ ৬২ হাজার টাকা মূল্যের দুইটি নেকলেস, ৭০ হাজার টাকা মূল্যের ৩টি হীরার আংটি, ৪৫ হাজার টাকা মূল্যের একটি এবং ১০ হাজার টাকা মূল্যের একটি মোবাইল ফোন ছিনতাই করে নিয়ে যায়। উল্লেখ্য, জাহির ও লিজা ইটালিয়ান নাগরিক। তারা দু'জন ঈদের ছুটিতে বাংলাদেশে বেড়াতে এসেছেন।

এদিকে ছিনতাইকারীদের হামলায় আহত আওয়ামী লীগ নেতা জবাকে দেখতে গতকাল ক্লিনিকে যান সিটি মেয়র তালুকদার আব্দুল খালেক, কেন্দ্রীয় আওয়ামী লীগ নেতা ও জেলা সভাপতি শেখ হারুনুর রশীদ, সংসদ সদস্য মোল্লা জালাল উদ্দিন, ডুমুরিয়া উপজেলা চেয়ারম্যান গাজী আব্দুল হাদী, রূপসা উপজেলা চেয়ারম্যান আলী আকবর শেখ, ইউপি চেয়ারম্যান গাজী আব্দুল হালিম, মহানগর আওয়ামী লীগ নেতা এ কে এম শামীম রচি, কামরুজ্জামান জামাল, জামিল খান, প্রবীর বিশ্বাস, মফিদুল ইসলাম টুটুল, মীর বরকত আলী, এ কে এম আজাদ, পল্টু খান প্রমুখ। নেতৃবৃন্দ হামলাকারী সন্ত্রাসীদের গ্রেফতারের জোর দাবি জানান প্রমুখ।

ভৈরব নদী ক্রমান্বয়ে দখল হয়ে যাচ্ছে, গড়ে উঠছে অবৈধ স্থাপনা

॥ মোঃ সাহেব আলী ॥

ভৈরব নদী ক্রমান্বয়ে দখল হয়ে যাচ্ছে। প্রভাবশালীরা নদী দখল করে অবৈধভাবে গড়ে তুলেছে অসংখ্য ব্যবসা প্রতিষ্ঠান। সেই সাথে প্রতিটি ব্যবসা প্রতিষ্ঠানের সাথে নদীতে ঝুলন্ত পায়খানা তৈরী করে নিয়মিত মলমূত্র ত্যাগ করা হচ্ছে। পানি হচ্ছে দূষিত। পাশাপাশি খুলনা শহর রক্ষা বাঁধের ওপর অবৈধভাবে দোকান গড়ে ওঠায় এবং যেখানে-সেখানে ট্রলার ও নৌকা বেঁধে মালামাল ওঠানামার কারণে বাঁধটির

অস্তিত্ব এখন সংকটে পড়েছে। ইতোমধ্যেই বাঁধের একাধিক স্থানে ফাটল ধরেছে। যে কোন মুহূর্তে বড় ধরনের ধস নেমে ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা করা হচ্ছে।

খোঁজ নিয়ে জানা যায়, ১৯৯৩-৯৪ অর্থ বছরে এশিয়া উন্নয়ন ব্যাংক (এডিবি) আর্থিক সহায়তায় সেকেন্ডারী টাউন ইন্ট্রিগেটেড ফ্লাড প্রটেকশন প্রজেক্টের আওতায় খুলনা শহর রক্ষাবাঁধ নির্মাণ প্রকল্পের কাজ শুরু করা হয়। এই প্রকল্পের আওতায় ২৮/২ পোল্ডারে সাড়ে ৩ কিলোমিটার বিকল্প বাঁধ নির্মাণ, ৬টি রেগুলেটর স্থাপন এবং নদীর তীরের ভাঙ্গনকবলিত খুলনা জেলখানা ঘাট, সদর হাসপাতাল, বড় বাজার, আইডব্লিউটিএ ঘাট, রুজভেল্ট জেটি, আনসার ফ্লাওয়ার মিল ও দৌলতপুর বিএল কলেজ এলাকায় ২ দশমিক ৮৯ কিলোমিটার জায়গা রক্ষার কাজ অন্তর্ভুক্ত করা হয়। ৩৮ কোটি ৯০ লক্ষ টাকা ব্যয়ে পানি উন্নয়ন বোর্ড খুলনা-২ এর তত্ত্বাবধানে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। নির্ধারিত সময়ের অনেক পর ১৯৯৮ অর্থ বছরে প্রকল্পের কাজ শেষ হয়। এই প্রকল্পের আওতায় জেলখানা ঘাট থেকে রুজভেল্ট জেটি পর্যন্ত নদীর তীর সংরক্ষণ কাজকে মোট ১০টি প্যাকেজে ভাগ করা হয়। এর মধ্যে রুজভেল্ট এলাকায় ২টি, জেলখানা ঘাট থেকে সদর হাসপাতালের পশ্চিম সীমানা পর্যন্ত দু'টি এবং বড়বাজার এলাকার জুতা পট্টি হয়ে আইডব্লিউটিএ ঘাট পর্যন্ত ৬টি প্যাকেজ ভাগ করা হয়। ব্লক তৈরী করে তা নদীর কূলে প্লেজ করা হয়।

পানি উন্নয়ন বোর্ডের একাধিক দায়িত্বশীল সূত্র বলছে, বাঁধ নির্মাণকালে ব্যবসায়ীদের সাথে শর্ত থাকে যে, নদীর তীর সংরক্ষণ কাজ সম্পন্ন হলে ব্যবসায়ীরা বাঁধের ভিতরের অংশে ব্যবসা করতে পারবে। তবে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের ডিজাইন অনুযায়ী ঘর তৈরী করতে হবে।

কিন্তু বাঁধের কাজ শেষ হওয়ার পর জেলখানা খেয়াঘাট থেকে ৫নং ঘাট পর্যন্ত ব্যবসায়ীরা নতুন করে ব্যবসা শুরুর সময় কোন শর্ত মানেনি। ব্যবসায়ীরা বিশেষজ্ঞদের ডিজাইন না নিয়ে ঘর তৈরী করে। অধিকাংশ ক্ষেত্রে বাঁধ দখল করে কোথাও কোথাও বাঁধের বাইরে গিয়ে নদী দখল করা হয়েছে।

খোঁজ নিয়ে দেখা গেছে, কোন নিয়ম নীতি না মেনে বাঁধ দখল ও নদী দখলের মাধ্যমে ব্যবসায়ীরা ঘর তৈরী করায় শহর রক্ষা বাঁধ হুমকীর সম্মুখীন হয়ে পড়েছে। ইতোমধ্যেই হাসপাতাল ঘাট, কালিবাড়ী, ডেল্টাঘাটসহ ৭/৮টি স্থানে শহর রক্ষা বাঁধের ব্লক ধসে নদীগর্ভে চলে গেছে এবং মূল বাঁধে ফাটল দেখা দিয়েছে।

এদিকে ব্যবসায়ীরা নদী দখল করে তৈরী করেছে দোকান ঘর। ব্যবসায়ীরা অসংখ্য ঝুলন্ত পায়খানা তৈরী করে নিয়মিত মলমূত্র ত্যাগ করছে। এতে নদীর পানি দূষিত হচ্ছে।

এ ব্যাপারে খুলনা বড় বাজারের একাধিক ব্যবসায়ী নাম প্রকাশ না করার শর্তে দৈনিক পূর্বাঞ্চলকে বলেন, এক শ্রেণীর প্রভাবশালী ব্যবসায়ীরা বাঁধ দখল করে ঘর তৈরী করেছে। ব্লক সরিয়ে ছিদ্র করে ঘর তৈরী করা হয়েছে। তাদের কারণেই শহর রক্ষা বাঁধ এখন ক্ষতির সম্মুখীন।

খুলনা পানি উন্নয়ন বোর্ডের একজন প্রকৌশলী জানান, বিভিন্ন সময় রাজনৈতিক প্রভাবে শহর রক্ষা বাঁধের ক্ষতি হয়েছে। সরকারী চাকুরী করে অনেক সময় কথা বলা দুরহ হয়ে পড়ে।

রূপসায় যুবতীর রহস্যজনক মৃত্যু

।। নিজস্ব সংবাদদাতা।।

রূপসা(খুলনা)ঃ রূপসা থানার অদূরে এক যুবতীর রহস্যজনক মৃত্যুর ঘটনায় নানা গুঞ্জন ছড়িয়ে পড়েছে। এ ঘটনাটি ঘটেছে আলোচিত জনৈক শহিদুল ইসলামের ভাড়াটিয়া ঘরে। এলাকাবাসি সূত্রে জানা গেছে, গত ৪ সেপ্টেম্বর দুপুরে উক্ত শহিদুল ইসলামের সকল ভাড়াটিয়ার উপস্থিতির মধ্যে ব্র্যাক অফিসের কর্মী লিলি বেগমের ছোট বোন রাবেয়া খাতুন (১৫) নিজেদের ঘরের আঁড়ার সাথে ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে। ব্র্যাক কর্মী লিলি সম্প্রতি উক্ত বাড়িতে একটি ঘর ভাড়া নিয়ে বসবাস করতেন। মোল্লাহাট

উপজেলার কঁদমতলা গ্রামের বদিউজ্জামানের কন্যা রাবেয়া খাতুন (১৫) সম্প্রতি তার বোনের বাসায় বেড়াতে আসে। পুলিশ জানায়, প্রেম ঘটিত কারণে রাবেয়া আত্মহত্যা করতে পারে তবে বিষয়টি আরও তদন্ত করে দেখা হচ্ছে। পুলিশ লাশের সূরতহালপূর্বক ময়না তদন্তের জন্য খুমেক হাসপাতাল মর্গে প্রেরণ করেছে। এব্যাপারে থানায় অপমৃত্যু মামলা হয়েছে।

নগরীতে চোরাই মটর সাইকেলসহ তিনজন গ্রেফতার

।। স্টাফ রিপোর্টার।।

নগরীর খুলনা সদর থানাধীন অংশে রূপসা সেতু থেকে একটি চোরাই মটর সাইকেলসহ তিন চোরকে গ্রেফতার করেছে পুলিশ। এ ঘটনায় খুলনা থানায় মামলা হয়েছে।

খুলনা সদর থানার ওসি মুনীর-উল-গীয়াস জানান, তিন চোর রিপন ব্যাপারী (২৪), জুয়েল শেখ (২২) ও রাজীব হোসেন (২৪) যশোর জেলার ঝিকরগাছা থেকে একটি বাজাজ ডিসকভার মটর সাইকেল চুরি করে রূপসা সেতু দিয়ে বাগেরহাটের দিকে যাচ্ছিল। এসময় সেতু এলাকায় চেকিং পুলিশের একটি দল মটরসাইকেলসহ ওই তিন চোরকে গ্রেফতার করে।

নগরীতে ডাকাতি মামলার পলাতক আসামী গ্রেফতার

।। স্টাফ রিপোর্টার।।

নগরীর খানজাহান আলী থানাধীন যোগীপোল এলাকা থেকে ডাকাতি মামলার পলাতক আসামী খান রেজাউলকে (২৩) গ্রেফতার করেছে পুলিশ। তার বিরুদ্ধে বাগেরহাট জেলার ফকিরহাট থানায় ডাকাতি মামলা রয়েছে। গ্রেফতারের পর তাকে ফকিরহাট পুলিশের কাছে সোপর্দ করা হয়।

খানজাহান আলী থানার ওসি মোঃ শাহাবুদ্দিন শেখ জানান, গোপন সংবাদের ভিত্তিতে যোগীপোল দীঘির পাড় এলাকার ডিস লাইন ব্যবসায়ী বাবুলের বাড়ির ভাড়া বাসা থেকে রেজাউলকে গতকাল শনিবার গ্রেফতার করা হয়।

নগরীর ষ্টেশন রোড এলাকা থেকে ২৭ জুয়াড়ী গ্রেফতার

।। স্টাফ রিপোর্টার।।

নগরীর ষ্টেশন রোড এলাকা থেকে গতকাল শনিবার রাত ১১টার দিকে র‌্যাবের একটি বিশেষ দল অভিযান চালিয়ে ২৭জন জুয়াড়ীকে গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছেন র‌্যাব খুলনার কোম্পানী কমান্ডার মোদাচ্ছের আলী।

যশোর-খুলনা মহাসড়কেযানজটে চরম ভোগান্তি

।। সুনীল দাস।।

ঈদপূর্ব নওয়াপাড়ার যানজট যাত্রী, পথচারী, চালক, সর্বোপরি নগরবাসীর চরম ভোগান্তির সৃষ্টি করছে।

যশোর-খুলনা মহাসড়ক সংলগ্ন নওয়াপাড়া বাজার-এর এক পাশে ভৈরব নদ, অন্যপাশে রেলপথ, নৌ, সড়ক ও রেলপথের চমৎকার সমন্বয় থাকায় আমদানী-রপ্তানীর ক্ষেত্রে বহিরাগতদের ভিড় বেশী। সড়ক দিয়ে দূরপাল্লার যাত্রী ও মালামাল বহনকারী গাড়ীর চাপ প্রচন্ড। বার্জ কার্গো থেকে যেমন মালামাল খালাস হচ্ছে, রেল বগি থেকেও নামছে নানা রকমের পণ্য। এসব পণ্য লোড-আনলোড হয় দিবাভাগে, শনি মঙ্গলবারও। সড়কে দাঁড়িয়ে থাকা গাড়ির কারণে জট বাড়ছে বেশি। নওয়াপাড়া এখন বন্দর নগরী, প্রতিদিন অর্ধশতাধিক বাজকার্গো বোঝাই বা খালাস হচ্ছে। শ’ শ’ ট্রাক রোডে দাঁড়িয়ে থাকে। এরপরও আছে বিভিন্ন মিলের কাঁচামাল ও উৎপাদিত পণ্য বুকিং-এর প্রতিযোগিতা। পৌরসভার ধারণক্ষমতার

অতিরিক্ত বাইক, নছিমন, টেম্পু, রিক্সা, ভ্যান, রেন্ট এ কার নওয়াপাড়া বাজার জুড়ে বসেছে। মহাসড়ক জুড়ে এখন ফল, কাপড়, রকমারী জিনিস বিক্রির দোকান বসছে। নূরবাগ মোড় যানজটের প্রসূতি আগার। এখানে তিন রাস্তার মোড় দিয়ে ঘন্টায় ৩ শতাধিক গাড়ী পার হয়। প্রশাসন এখানে বাস দাঁড়ানো নিষিদ্ধ করলেও ড্রাইভাররা স্লো মোশান পদ্ধতিতে যাত্রী উঠানো নামানো করে। এর ফলে জট খুলছে না। নওয়াপাড়ায় লাইসেন্সবিহীন/নকল লাইসেন্সযুক্ত মোটর সাইকেলসহ অসংখ্য যানবাহন চললেও নির্বিকার প্রশাসন। মহাসড়কে অবৈধ নসিমন-করিমন চললেও কারো কোন মাথাব্যথা নেই। ইজিবাইক ইতোমধ্যে শ' ছাড়িয়ে গেছে। মহাসড়কে নছিমন-করিমন চালানোর কারণে প্রতিনিয়তই দুর্ঘটনা ঘটছে। জট থেকে পরিত্রাণ পেতে বাইপাস সড়কটি প্রশস্ততা বাড়িয়ে ভারী যানবাহন চলার উপযোগী করতে হবে। সড়কজুড়ে যে সব আস্তানা রয়েছে, তা অচিরেই সরাতে হবে। ওয়েল্ডিং কারখানা তুলে দিতে হবে। পিক আওয়ারে ট্রাক লোড-আনলোড কমাতে না পারলে যানজট নিরসন অসম্ভব হয়ে পড়বে। সড়কে চাঁদাবাজী দূর করাও জরুরী হয়ে পড়েছে। নির্ধারিত ষ্ট্যান্ড ছাড়া বাস দাঁড়ালে জরিমানা করতে হবে। লাইসেন্স বিহীন যানবাহন চালানোর উপর বিধি নিষেধ আরোপ করাও জরুরী। ফুটপাথ থেকে অবৈধ স্থপনা সরিয়ে ফেলতে ভ্রাম্যমান আদালত পরিচালনা দরকার। এলাকার গণপ্রতিনিধি, শ্রমিক নেতা, প্রশাসনের কর্তাব্যক্তিদের সমন্বয়ে জোরদার কমিটি করে এ বিষয়ে পদক্ষেপ না নিলে শুধু জট বাড়বেনা, দুর্ঘটনা বৃদ্ধির সম্ভাবনাও রয়েছে। বিশেষ করে ঈদের কাছাকাছি সময় যানজট কমাতে জরুরী ব্যবস্থা নেয়া দরকার।

চুকনগরে ছাত্রলীগের ইফতার মাহফিল

।। নিজস্ব সংবাদদাতা।।

চুকনগর(খুলনা)ঃ ছাত্রলীগ চুকনগর ডিগ্রী কলেজ শাখার উদ্যোগে এক আলোচনা সভা ও ইফতার মাহফিল গতকাল বিকাল ৫টায় চুকনগরস্থ দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। ছাত্রলীগ কলেজ শাখার সভাপতি এস.এম ইলতুতমিশের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন খুলনা জেলা যুবলীগের সাংগঠনিক সম্পাদক প্রভাষক জি.এম ফারুক হোসেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখের উপজেলা যুবলীগ নেতা প্রভাষক মনিরুল ইসলাম, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক সরদার শরিফুল ইসলাম, প্রভাষক গোবিন্দ ঘোষ, হাফিজুর রহমান, ছাত্রলীগ চুকনগর আঞ্চলিক সংসদের আহবায়ক জাকির হোসেন মিল্টন, সরদার কবিরুল ইসলাম, বিশ্বজিৎ মজুমদার, মোসলেম উদ্দীন, মাহবুবুল আলম (সোহাগ), হাদিউজ্জামান মিলন, রফিকুল ইসলাম, রনজিত দে, জাহিদ হোসেন, আব্দুল আজিজ প্রমুখ।

নড়াইলে পিতার হাতে কিশোরী কন্যা খুন

॥ আবদুস সাত্তার, নড়াইল ॥

কালিয়ায় ৮ম শ্রেণীর এক ছাত্রীকে শাসন করতে গিয়ে শ্বাসরোধে হত্যা করেছে তার বাবা। পরে শোকে বিহ্বল বাবা হাফিজুর রহমান হত্যাকান্ডের কথা স্বীকার করে পুশিশের কাছে আত্মসমর্পন করেছেন। ঘটনাটি শুক্রবার (৩ সেপ্টেম্বর) দিনগত রাতে কালিয়া উপজেলার কলাবাড়িয়া গ্রামে ঘটেছে। পুলিশ ওই পিতাকে আটক করে জেল হাজতে প্রেরণ করেছে।

জানা গেছে, স্থানীয় কলাবাড়িয়া হাইস্কুলের ৮ম শ্রেণীর ছাত্রী তানিয়া পারভীন প্রণয় সম্পর্কিত ঘটনায় তিনদিন নিখোঁজ ছিল। শুক্রবার বিকেলে তানিয়া পাশের বাঐসেনা গ্রামে মামার বাড়িতে ফিরে আসলে পরিবারের লোকজন তাকে বাড়িতে নিয়ে আসে। রাতে মোবাইল ফোনে প্রেমিকের সঙ্গে কথা বলার সময় তাকে (তানিয়াকে) নিষেধ করে তার বাবা। অমান্য করায় ক্ষুব্ধ বাবা শাসনের এক পর্যায়ে তানিয়ার গলায় ওড়না পেঁচিয়ে ধরলে ঘটনাস্থলেই তার মৃত্যু ঘটে। এ ঘটনায় নিহতের চাচা মফিজুর রহমান বাদী হয়ে

মামলা দায়ের করেন। স্থানীয় নড়াগাতী থানার ওসি রফিকুল ইসলাম জানান, তানিয়াকে হত্যার দায়ে তার বাবা হাফিজুর রহমানকে আটক করা হয়েছে। সে হত্যাকান্ডের কথা স্বীকার করেছে। এ ঘটনায় থানায় মামলা হয়েছে (মামলা নং-০৫, তাং-৪/৯/১০)।

নড়াইলে গৃহবধূকে হত্যার অভিযোগ, গ্রেফতার ৩

॥ জেলা প্রতিনিধি ॥

নড়াইল সদর উপজেলার শেখহাটী ইউনিয়নের মালিয়াট গ্রামে গান্ধারী বিশ্বাস (২২) নামে এক গৃহবধূকে শ্বাসরোধ করে হত্যার অভিযোগ পাওয়া গেছে। লাশের ময়না তদন্ত নড়াইল সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এঘটনায় পুলিশ ৩ জনকে গ্রেফতার করেছে।

পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে ৪/৫ বছর আগে যশোরের মনিরামপুর উপজেলার কামিনীডাঙ্গা গ্রামের অশোক রায়ের কন্যা গান্ধারী বিশ্বাসকে নড়াইল সদরের শেখহাটী ইউনিয়নের মালিয়াট গ্রামের কুমারেশ বিশ্বাসের ছেলে হারান বিশ্বাসের সাথে বিয়ে হয়। বিয়ের পর সংসারে একটি কন্যা সন্তান হয়। গান্ধারী বিশ্বাসের পিতা অশোক রায় অভিযোগ করেন তার কন্যাকে হত্যা করা হয়েছে। শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে। হত্যাকে ভিন্নখাতে প্রভাবিত করতে গলায় রশি দিয়ে ঝুলিয়ে রাখা হয়েছে। এ ঘটনায় তিনি বাদী হয়ে নড়াইল সদর থানায় হত্যা মামলা দায়ের করেছেন। শেখহাটী ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সদস্য নরেন্দ্রনাথ বিশ্বাস জানান, তিনি গান্ধারী বিশ্বাসের শাশুড়ীর দ্বন্দ্ব কারণে আত্মহত্যা করতে পারেন। মাঝে মধ্যে স্বামীর সাথে এবং পরিবারের অন্যান্য সদস্যদের সাথে ঝগড়া বিবাদ হতো। এ কারণে হয়তো আত্মহত্যা করেছে। তিনি বলেন, বিষয়টি নিয়ে মিমাংসার চেষ্টা করেও হয়নি।

এ ব্যাপারে মামলার তদন্তকারী কর্মকর্তা সদর থানার উপপরিদর্শক (এএসআই) খন্দকার জিয়াউর রহমান জানান, এ ব্যাপারে থানায় মামলা হয়েছে (মামলা নং-৪, তাং-৩/৯/১০)। এঘটনায় ৩ জনকে গ্রেফতার করা হয়েছে। লাশের ময়না তদন্ত সদর হাসপাতালে সম্পন্ন হয়েছে।

নগরীতে ফেন্সিডিলসহ মহিলা গ্রেফতার

নগরীর দৌলতপুরস্থ আড়ংঘাটা বাইপাস সড়ক থেকে গতকাল শনিবার ৫ বোতল ফেন্সিডিলসহ পারুল দাস (৩৫) নামে এক মহিলাকে গ্রেফতার করেছে পুলিশ। তার বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে বলে জানিয়েছেন দৌলতপুর থানার ওসি মোঃ আনোয়ারুল হক ভূঁইয়া।

শরণখোলায় কেমিষ্ট এ্যান্ড ড্রাগিষ্ট সমিতির কমিটি গঠিত

॥ নিজস্ব সংবাদদাতা ॥

শরণখোলায় কেমিষ্ট এ্যান্ড ড্রাগিষ্ট সমিতি নতুন কমিটি গঠন ও ইফতার পার্টি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত ইফতার পূর্ব আলোচনা সভায় এ কমিটি গঠন করা হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি শাহজাহান গাজী। আলোচনায় অংশ নেন ফজলুর রহমান, রুহুল আমিন হাওলাদার, আঃ খালেক, নাজমুল আহসান শিমুল গাজী ও সোহাগ তালুকদার। সভায় সর্বসম্মতিক্রমে নাদিয়া ফার্মেসীর হুমায়ুন কবিরকে সভাপতি ও ভাইভাই মেডিকেল হলের ফারুক হোসেন হিরুকে সাধারণ সম্পাদক করে শরণখোলা উপজেলা কেমিষ্ট এ্যান্ড ড্রাগিষ্ট সমিতি নতুন কমিটি গঠন করা হয়।

এবারও ঈদের আনন্দ থেকে বঞ্চিত হচ্ছে মোড়েলগঞ্জের সিডর ও আইলা দুর্গত মানুষ

।। জামাল হোসেন বাপ্পা ।।

সন্ন্যাসী বাজার (মোড়েলগঞ্জ), ৪ সেপ্টেম্বর।- এবারও ঈদের আনন্দ থেকে বঞ্চিত হচ্ছে মোড়েলগঞ্জ উপজেলার সিডর ও আইলায় ক্ষতিগ্রস্ত উপদ্রুত এলাকার হাজারও মানুষ। আর মাত্র কয়েকদিন পরেই মুসলমানদের সর্ববৃহৎ আনন্দ অনুষ্ঠান ঈদুল ফিতর। পবিত্র রমজানের ত্রিশদিন রোজার পর এ দিনটি অপেক্ষা করে ধনী-গরিব সকল স্তরের মানুষের মাঝে। অথচ দুর্যোগ পরবর্তী সাহায্য-সহায়তা অপ্রতুল হওয়ায় আগের বছরের মতো এ বছরও ঈদের আনন্দ বঞ্চিত থাকছে সিডর ও আইলায় ক্ষতিগ্রস্ত মোড়েলগঞ্জ উপজেলার ১৬টি ইউনিয়নের মধ্যে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয় উপজেলার খাউলিয়া ইউনিয়ন ও পৌরসভাসহ ১০টি ইউনিয়নের হাজার হাজার পরিবার।

সরেজমিনে দেখা গেছে, সিডর ও আইলায় ক্ষতিগ্রস্ত শত শত পরিবার তাদের আশ্রয়টুকু হারিয়ে আজও উপজেলার পৌর সদরসহ বিভিন্ন এলাকার লোক মানবেতর জীবন যাপন করছে। নেই তাদের আবাসন ব্যবস্থা ও নিরাপদ আশ্রয়। ভয়াবহ ঘূর্ণিঝড় সিডর মোড়েলগঞ্জ উপজেলার ১৬ ইউনিয়নের মধ্যে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয় মোড়েলগঞ্জ পৌরসভা, খাউলিয়া, নিশানবাড়িয়া, বহরবুনিয়া, জিউধরা, মোড়েলগঞ্জ সদর, বারইখালী, হোগলাবুনিয়া, বলইবুনিয়া, পুটিখালী, চিংড়াখালী ইউনিয়ন। সিডর ও আইলার আঘাতে এসকল ইউনিয়নের মানুষের সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হলেও প্রয়োজনের তুলনায় সরকারী ও বেসরকারী পর্যায় সাহায্য ছিল খুব সীমিত। অনেকে বাসগৃহ হারিয়ে তাদের আশ্রয়স্থল নদীর তীরে আবার কেহ অর্থভাবে এলাকা ছেড়ে শহরের বিভিন্ন বস্তিতে বাস করছে।

আইলার প্রভাবেও মোড়েলগঞ্জে পৌর সদরসহ গ্রামাঞ্চলে রাস্তা ঘাট, মাছের ঘের, নদীর দু'ধারের ভেড়ীবাঁধ ভেঙ্গে নিশ্চিহ্ন হয়ে গেছে। এসকল বাঁধ সরকারীভাবে পুনঃনির্মাণ না করায় পানগুছি নদীর দু'তীরবর্তী পৌর সদরসহ খাউলিয়া, হোগলাবুনিয়া, বারইখালী, জিউধরা, বলইবুনিয়া ইউনিয়নের বিভিন্ন গ্রামে প্রতিনিয়ত জোয়ারের পানিতে তলিয়ে গিয়ে এলাকার শত শত পরিবারের বসত ভিটে, মাছের ঘের, ফসলিজমি, বিভিন্ন জাতের মৌসুমী ফসলের মাঠ দারুনভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই এ সকল ক্ষতিগ্রস্ত মানুষের কাছে এবারের ঈদও একটা নিয়ম রক্ষার অনুষ্ঠান হিসেবে গণ্য হবে।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা সুব্রত কুমার সিকদার বলেন, সিডর ও আইলা দুর্গত এলাকায় দুস্থ মানুষের জন্য ঈদ উপলক্ষে সরকার এ উপজেলার ১৬টি ইউনিয়নের ৯ হাজার এবং পৌরসভায় ১ হাজার পরিবারকে বিশেষ সহায়তা হিসেবে ভিজিএফ-এর চাল বিতরণ করবে। যার কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। এছাড়া বাগেরহাট-৪ আসনে সংসদ সদস্য আলহাজ্ব ডাঃ মোজাম্মেল হোসেন উপজেলার প্রতিটি ইউনিয়নে গরীব মানুষের মাঝে শাড়ী, লুঙ্গী, সিমাই, চিনি, বিতরণের কার্যক্রম চালাচ্ছেন বলে জানা গেছে।

ডুমুরিয়ায় মুন্তাজ গাজী হত্যা মামলার আসামি শরিফুল ফুলতলায় গ্রেপ্তার

॥ ডুমুরিয়া (খুলনা) প্রতিনিধি ॥

ডুমুরিয়ায় গরুতে জাল ছেড়ার ঘটনায় বৃদ্ধ মুন্তাজ গাজী হত্যা মামলার অন্যতম আসামি শরিফুল শেখ(২২)কে পুলিশ গতকাল শনিবার সকালে ফুলতলা থানার বেনেপুকুর গ্রাম থেকে গ্রেপ্তার করে।

উপজেলার সাহস ইউনিয়নের রাজাপুর গ্রামে গরুতে জাল ছেড়ার ঘটনায় গত ১৫ আগষ্ট সন্ধ্যায় প্রতিপক্ষ মুন্তাজ গাজীকে বেদম মারপিট করে। ওই ঘটনায় ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় গত ২৫ আগষ্ট তিনি প্রাণ হারান। ডুমুরিয়া থানার কর্তব্যরত শিক্ষাণবিশ উপ-পরিদর্শক রতন উজ্জামান বলেন, মুন্তাজ গাজী হত্যা মামলার অন্যতম আসামি শরিফুল শেখকে ফুলতলা থেকে গ্রেপ্তার করে ডুমুরিয়ায় আনা হচ্ছে। শরিফুলের কাছ থেকে এ হত্যাকান্ডের তথ্য পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।

কচুয়ায় বৈদ্যুতিক সর্ট সার্কিটে কৃষকের বসতঘর পুড়ে ছাই

॥ নিজস্ব সংবাদদাতা ॥

কচুয়া(বাগেরহাট) ।- কচুয়া উপজেলার কাকার বিল গ্রামের এক প্রান্তিক কৃষক আবুল কালাম আজাদ-এর বসত ঘরটি গত বুধবার দুপুর ১টায় বৈদ্যুতিক সর্ট সার্কিটে আগুন লেগে পুড়ে যায়। এসময় আবুল কালামের ঘরে থাকা আসবাবপত্র ও ধান, চালসহ প্রায় ১ লাখ ৬০ হাজার টাকার মালামাল পুড়ে ছাই হয়ে যায়। কৃষক আবুল কালাম এখন মা, স্ত্রী, ভাই ও ছেলে-মেয়ে নিয়ে গাছের ছায়ায় বসবাস করছে।

খুবিতে ঈদের জামাত সকাল সাড়ে ৮টায়

খুলনা বিশ্বদ্যিালয়ে পবিত্র ঈদ-উল-ফিতর এর নামাজের জামাত সকাল সাড়ে ৮টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন সংলগ্ন মাঠে অনুষ্ঠিত হবে। ঈদের জামাতে সকলকে শরীক হওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

উপাচার্যের শোক

খুবির অধ্যাপক আনিছুল হকের পিতার ইন্তেকাল

খুলনা বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজি ডিসিপ্লিনের অধ্যাপক খন্দকার আনিছুল হকের পিতা প্রবীণ শিক্ষক খন্দকার এলাহী বখ্‌শ বার্ধক্যজনিত কারণে গতকাল শনিবার সকাল সাড়ে ৭টায় ঢাকায় ইন্তেকাল করেন। (ইন্না....রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯০ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন পুত্র ও তিন কন্যাসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। গতকাল বাদ আছর টাঙ্গাইলের ভূয়াপুর উপজেলার ভাড়ই গ্রামে পারিবারিক গোরস্থানে তাঁকে দাফন করা হয়। তিনি ভাড়ই সরকারী প্রাথমিক স্কুলে প্রধান শিক্ষক হিসেবে দীর্ঘদিন চাকুরী করেন।

অধ্যাপক খন্দকার আনিছুল হকের পিতার মৃত্যুতে খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ সাইফুদ্দিন শাহ্ গভীর শোক প্রকাশ করেছেন এবং মরহুমের রুহের মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

কেশবপুরে পানিতে পড়ে যমজ দুই বোনের মর্মান্তিক মৃত্যু

।। নিজস্ব প্রতিনিধি।।

কেশবপুর(যশোর), ৪ সেপ্টেম্ব ।- কেশবপুর উপজেলার আলতাপোল গ্রামের আব্দুল কুদ্দুসের কন্যা হীরা খাতুন (৫) ও শাম্মী খাতুন (৫) গতকাল শনিবার বিকেলে বাড়ীর পাশের পুকুর থেকে তাদের লাশ উদ্ধার করা হয়। পরিবার সূত্র জানায়, দুপুর বেলায় তার মা দুই যমজ সন্তানকে একই সাথে খেতে দেয়। খাওয়া শেষে তারা চলে যায় খেলা করতে। বিকেল বেলায় তাদের লাশ উদ্ধার হয় পুকর থেকে।

কেশবপুরে একই পরিবারের ৬ জনকে অচেতন করে সর্বস্ব লুট

।। নিজস্ব প্রতিনিধি।।

কেশবপুর(যশোর), ৪ সেপ্টেম্ব ।- গত ৩ সেপ্টেম্বর রাতে অজ্ঞান পার্টির কবলে পড়ে কেশবপুর উপজেলা নেহালপুর গ্রামের একই পরিবারের ৬ জনকে অচেতন করে তাদের বাড়ি থেকে সর্বস্ব লুট করার অভিযোগ পাওয়া গেছে।

গ্রাম্য সূত্র জানায়, ভাত, তরকারী অথবা পানির সাথে অচেতন নাশক পয়েজন মিশ্রিত করে এদের পরিবারের সকলকে অচেতন করা হয়েছে। ৩ সেপ্টেম্বর রাত ১০টা থেকে ওই গ্রামের পাচু দাস(৫৫),

তার স্ত্রী মধু দাসী (৪৮), পুত্র কৃষ্ণপদ দাস (২৬), তার স্ত্রী গংঙ্গা দাসী(২৩), পুত্র শুভ দাস (৫) এবং সঞ্জয় দাসের স্ত্রী প্রতিমা দাসী(২৪) কে গতকাল শনিবার সারাদিন বাড়িতে রেখে চিকিৎসা করা হয়েছে। ইতিপূর্বে একইভাবে উপজেলার দেউলি, বগা, রেজাকাটি ও মোমিনপুরে এ ধরনের ঘটনা ঘটিয়ে তাদের বাড়ি থেকেও সর্বস্ব লুট করা হয়েছে বলে জানা গেছে।

ঈদ সামনে রেখে যশোরে ভারতীয় চোরাই পণ্যের রমরমা ব্যবসা, চাঁদাবাজিও চলছে

।। এম. আইউব, যশোর অফিস।।

ঈদকে সামনে রেখে যশোরে ভারতীয় চোরাই পণ্যের মজুদ গড়ে উঠেছে। মজুদ করা হয়েছে ফেনসিডিলসহ বিভিন্ন মাদকদ্রব্যেরও। আর এটিকে পুঁজি করে যে যার মতো করে চাঁদাবাজি শুরু করেছে। চাঁদাবাজদের অত্যাচারে অতিষ্ট হয়েছে চোরাই পণ্যের ব্যবসায়ীরা। সেই সাথে সাধারণ বিক্রেতারাও রেহাই পাচ্ছে না।

ঈদ সামনে রেখে যশোরের চোরাই মার্কেট বলে পরিচিত তুলোতলায় হরেক রকমের কাপড়ের মজুদ গড়ে তোলা হয়েছে। মজুদ গড়ে তোলা হয়েছে শহরের পোষ্ট অফিস পাড়ার দু'টি বাড়িতে। কাপড়চোপড়ের পাশাপাশি মজুদ করা হচ্ছে ফেনসিডিল। আর এসবকে পুঁজি করে চাঁদাবাজিতে মেতে উঠেছে পুলিশ, চিহ্নিত চাঁদাবাজ, সন্ত্রাসী ও রাজনৈতিক দলের নেতাকর্মীরা। মোট কথা ঈদকে সামনে রেখে যার যার জায়গায় থেকে সবাই আয়ের ধান্ধায় ব্যস্ত। কাপড় বিক্রির সাথে সংশ্লিষ্ট একাধিক সূত্র জানিয়েছে, বর্তমানে ভারতীয় শাড়ি, থ্রিপিচসহ তৈরি পোশাকের একটা কদর রয়েছে। এ কারণে চোরাইপথে এসব পণ্য আসছে। সাথে আসছে বিভিন্ন ধরনের প্রসাধন সামগ্রী। বৈধ প্রক্রিয়ায় যা আসছে তার চেয়ে বেশি আসছে চোরাই পথে। এসব চোরাই পণ্য শহরের বিভিন্ন জায়গায় মজুদ করা হচ্ছে। মজুদ করা হচ্ছে শহরতলিতেও। এরপর সুযোগ বুঝে রাতের যেকোন সময় তা যশোরের বাইরে পাঠানো হচ্ছে। কখনও কখনও শহরের বিভিন্ন দোকানেও বিক্রি করা হচ্ছে।

চোরাই পণ্যের সাথে জড়িতদের আষ্টেপৃষ্টে জড়িয়ে ধরছে চাঁদাবাজরা। অধিকাংশ বিক্রেতাদের কাছ থেকে পুলিশ চাঁদা আদায় করছে বলে অভিযোগ রয়েছে। ইতোমধ্যে মাদকবিক্রেতাদের কাছ থেকে চাঁদা আদায়ের ঘটনা ঘটেছে। পুলিশ চাঁদা আদায় করছে চোরাইপণ্য বিক্রেতাদের কাছ থেকেও। পুলিশের চাঁদা আদায়ের কৌশল খানিকটা বদলেছে বলে একাধিক সূত্র জানিয়েছে। তারা শীর্ষ কর্মকর্তাদের নাম ব্যবহার করছে। ব্যবহার করছে সাংবাদিকদের নামও। ইতোমধ্যে পুলিশের শীর্ষ কর্মকর্তা ও সাংবাদিকদের নাম ব্যবহার করে ৭০ হাজার টাকা নিয়ে এক মাদক বিক্রেতাকে ছেড়ে দেয়ার অভিযোগ উঠেছে কোতয়ালী পুলিশের বিরুদ্ধে। কেবল তাই না, পুলিশ আটক মাদক বিক্রেতা আছিয়াকে তো ছেড়ে দিয়েছেই। একইসাথে একশ' গ্রাম হেরোইন ও আধা কেজি গাঁজা আছিয়াকে দিয়ে দিয়েছে পুলিশ। পুলিশের পাশাপাশি চিহ্নিত চাঁদাবাজ-সন্ত্রাসীরা চাঁদা আদায়ে ব্যস্ত হয়ে পড়েছে। বিভিন্ন জায়গায় তারা ক্ষমতাসীন দল আওয়ামী লীগের নাম ব্যবহার করছে। আর এ কারণে বদনাম হচ্ছে আওয়ামী লীগের। চাঁদাবাজ সন্ত্রাসী ছাড়াও ক্ষমতাসীন দলের অনেক নেতাকর্মী ঈদ বাণিজ্য শুরু করেছে। অবৈধ কারবারীরা 'ঈদ বোনাস' নামে চাঁদা দিয়ে নিজেদের ব্যবসা চালিয়ে যাচ্ছে দেদারছে। এসব কারণে যশোর শহরের প্রায় সব মার্কেট ভারতীয় পণ্যের দখলে।

দেবহাটায় স্বামী কর্তৃক ২ সন্তানের জননীকে হত্যা

॥ নিজস্ব সংবাদদাতা ॥

দেবহাটা(সাতক্ষীরা)ঃ দেবহাটায় যৌতুক লোভী স্বামী কর্তৃক ২ সন্তানের জননীকে হত্যার অভিযোগ উঠেছে। জানা যায়, উপজেলার কুলিয়া ইউনিয়নের শ্যামনগর গ্রামের মৃত সোনা সরদারের পুত্র মোঃ

ইউনুস আলী (৩৯) কয়রা উপজেলার খিরিল গ্রামের আঃ হাকিমের কন্যাকে বিয়ে করে। বিয়ের পর থেকে যৌতুকের দাবিতে ২ সন্তানের জননী স্ত্রী আজমিরা খাতুনকে মারপিট, শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করে আসছিল। এরই ধারাবাহিকতায় গত ৩০ আগষ্ট রাত ১০ টায় ১ লাখ টাকা যৌতুকের দাবিতে স্ত্রীকে অমানুষিক নির্যাতন শেষে অবস্থা বেগতিক দেখে প্রথমে সাতক্ষীরা পরে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। গতকাল রাত ১টায় চিকিৎসাধীন অবস্থায় আজমিরা মারা যায়। এ ঘটনায় নিহতের পিতা বাদী হয়ে আজমিরার স্বামীকে আসামী করে গতকাল দেবহাটা থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছে।

দেড় মাসেও দাকোপ-কয়রার সিডর ক্ষতিগ্রস্তরা অনুদানের টাকা পায়নি

॥ মোঃ শিপন ভূইয়া/আব্দুল খালেক ॥

দাকোপ(খুলনা)ঃ গৃহনির্মাণের অনুদান দেয়ার কার্যক্রম উদ্বোধনের ৪২ দিন পরও ঘূর্ণিঝড় আইলা দুর্গতরা অনুদানের টাকা পায়নি। আইলায় ক্ষতিগ্রস্তদের ব্যাংক একাউন্টে টাকা জমা হলেও তারা তা' তুলতে পারছে না। খুলনার দাকোপ ও কয়রা উপজেলায় বেড়িবাঁধ মেরামত কাজ শেষ না হওয়ায় গৃহ নির্মাণের অনুদান প্রদান করা হচ্ছে না বলে জানা গেছে।

খুলনা জেলা প্রশাসনের ত্রাণ ও পুনর্বাসন শাখা সূত্রে জানা গেছে, দীর্ঘ ২ মাস আগে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় খুলনার ২টি উপজেলায় আইলায় ক্ষতিগ্রস্ত ৩৮ হাজার পরিবারের গৃহ নির্মাণের জন্য ৭৫ কোটি টাকা বরাদ্দ করে। দাকোপ উপজেলার ১০ হাজার ৬০০ পরিবারের জন্য ২১ কোটি ২০ লাখ টাকা এবং কয়রা উপজেলার ২৭ হাজার ৪০০ পরিবারের জন্য ৫৪ কোটি ৮০ হাজার টাকা বরাদ্দ করা হয়। যা প্রতিটি পরিবারকে ২০ হাজার টাকা করে দেয়া হবে। সেনাবাহিনীর সহযোগিতায় উপজেলা প্রশাসন ক্ষতিগ্রস্তদের তালিকা তৈরি করে। প্রশাসনের নির্দেশনা অনুযায়ী ক্ষতিগ্রস্তরা ১০ টাকা দিয়ে ব্যাংকে একাউন্ট খোলে। ২৩ জুলাই খুলনার কয়রায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে গৃহনির্মাণ অনুদানের চেক বিতরণ কার্যক্রম উদ্বোধন শেষে ওইদিনই দাকোপ ও কয়রার ২০ জনের হাতে ২০ হাজার টাকার চেক তুলে দেন। এ উদ্বোধনের পরের দিন থেকে চেক বিতরণের কথা থাকলেও তা' করা হয়নি। অনুদানের টাকা ক্ষতিগ্রস্তদের ব্যাংক একাউন্টে জমা হলেও তারা টাকা তুলতে পারছে না।

খুলনা জেলা প্রশাসক জমসের আহাম্মদ খন্দকার বলেন, দাকোপ ও কয়রা উপজেলার বেশ কয়েকটি বেড়িবাঁধ এখনও পর্যন্ত মেরামত হয়নি। সেকারণে বহু লোকের বসত ঘরবাড়ি পানির নিচে রয়েছে। সেখানে নতুন করে ঘর তৈরি বা ঘর মেরামত করা সম্ভব নয়। তিনি বলেন, এ মুহূর্তে আইলা দুর্গতদের টাকা দেয়া হলে তারা অন্যান্য খাতে টাকা খরচ করে ফেলতে পারে বলে আশংকা রয়েছে। সেজন্য বেড়িবাঁধ মেরামত হলে বসতভিটা শুকানোর পর ক্ষতিগ্রস্তরা ব্যাংক থেকে টাকা তুলতে পারবে।

দাকোপ উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী আতিয়ুর রহমান ও কয়রা উপজেলা নির্বাহী কর্মকর্তা আবুল বাশার বলেন, গত ২৩ জুলাই দাকোপ ও কয়রা উপজেলার আইলায় ক্ষতিগ্রস্তদের মাঝে গৃহ নির্মাণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিবার প্রতি ২০ হাজার টাকা করে চেক প্রদানের ঘোষণা দেন। ইতোমধ্যে ক্ষতিগ্রস্তদের টাকা তাদের নিজ নিজ একাউন্টে জমা হয়ে গেছে। মন্ত্রণালয়ের নির্দেশনার কারণে তারা এমুহূর্তে টাকা তুলতে পারছেন না। কর্মকর্তাদ্বয় আরো বলেন, আইলা দুর্গতরা যাতে ওই টাকা শুধু গৃহ নির্মাণের কাজে ব্যয় করতে পারে তা নিশ্চিত করতেই এ মুহূর্তে তাদের টাকা দেয়া হচ্ছে না।

দুর্গত এলাকার একাধিক লোকজন জানায়, বেড়িবাঁধ মেরামত শীত মৌসুমের আগে শেষ হবে না। কারণ বর্তমানে বর্ষা মৌসুমসহ স্থানীয় নদ-নদীতে স্বাভাবিকের চেয়ে ৪/৫ ফুট পানি বৃদ্ধি পাওয়ায় প্রতিদিন ক্ষতিগ্রস্ত বেড়িবাঁধ দিয়ে লোকালয়ের পানি জোয়ার-ভাটার সাথে মিলিত হচ্ছে।

সংসদ সদস্য ননী গোপাল মন্ডল বলেন, দুর্গত এলাকার বিধ্বস্ত বেড়িবাঁধগুলো স্থানীয় নদ-নদীর পানি স্বাভাবিক অপেক্ষা অতিরিক্ত বৃদ্ধি পাওয়ায় ঐ সকল নদ-নদীতে প্রবল জোয়ারের তোড়ের কারণে পানি উন্নয়ন বোর্ড বেড়িবাঁধ নির্মাণ করতে বাধাগ্রস্ত হচ্ছে। ফলে বিধ্বস্ত এলাকার জনপদের লোকজন এখন পর্যন্ত স্বাভাবিক অবস্থায় ফিরতে পারেনি। সে কারণে তাদের গৃহ নির্মাণ অর্থ ব্যাংক একাউন্টে জমা থাকলেও তারা এখন পর্যন্ত পানি মুক্ত না হওয়ায় ঐ টাকা তুলতে পারছে না। তিনি বলেন, আগামী ডিসেম্বরের মধ্যে বিধ্বস্ত সকল বেড়িবাঁধ নির্মাণ কাজ সম্পন্ন হবে। পানি মুক্ত হলেই দুর্গতরা তাদের গৃহ নির্মাণের অর্থ ব্যাংক থেকে তুলতে পারবেন।

চৌগাছায় এক ব্যক্তিকে হাতুড়ি পেটার পর পায়ের রগ কর্তন

॥ চৌগাছা (যশোর) প্রতিনিধি ॥

শুক্রবার তারাবী নামাজ পড়তে যাবার পথে সন্ত্রাসীরা হাফিজুর রহমান নামে একজনকে হাতুড়ি পেটার পর তার পায়ের রগ কেটে দেয়। শুক্রবার রাতে উপজেলার গরীবপুর গ্রামে এ ঘটনা ঘটে। গ্রামবাসী জানিয়েছে, উপজেলার জামলতা গ্রামের দেলবার সর্দারের ছেলে হাফিজুর রহমান (৩২) শুক্রবার রাতে পার্শ্ববর্তী গরীবপুর গ্রামের মসজিদে তারাবী নামাজ পড়তে যাচ্ছিলেন। এসময় ১০/১২ জন সন্ত্রাসী গ্রুপ হাফিজুরকে হাতুড়ি দিয়ে পিটিয়ে জখম করে ধারালো অস্ত্র দিয়ে তার দুই পায়ের রগ কেটে দেয় বলে তার পরিবার থেকে জানানো হয়। পরে গ্রামবাসী তাকে উদ্ধার করে যশোর ২৫০ শয্যা হাসপাতালে ভর্তি করে। পরবর্তীতে তার অবস্থার অবনতি হলে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। এ রিপোর্ট লেখা পর্যন্ত মামলার প্রস্তুতি চলছিল।

শ্যামনগরে পুকুরে ডুবে শিশুর করুণ মৃত্যু

॥ নিজস্ব সংবাদদাতা ॥

শ্যামনগর(সাতক্ষীরা)ঃ গত শনিবার উপজেলা সদরে পুকুরে ডুবে অভিক রায় (৪) নামের এক শিশুর করুণ মৃত্যু হয়েছে। এ ঘটনায় বাবা-মা বার বার মূর্ছা যাচ্ছেন।

এলাকাবাসী সূত্রে জানা যায়, প্রভাষক প্রতাপ রায়ের ছোট ছেলে অভিক রায় গতকাল সকাল ১০টার দিকে তার বড় ভাই শৌভিক রায়ের (১২) সাথে পুকুরে যায় গোসল করতে। এসময় বড় ভাইয়ের অলক্ষ্যে ছোট ভাই পা পিছলে পানিতে ডুবে মারা যায়। মৃতদেহ ভেসে উঠার পর শ্যামনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন।

সাতক্ষীরায় ছাত্রমৈত্রী ও যুবমৈত্রীর মানববন্ধন

॥ নিজস্ব প্রতিনিধি ॥

সাতক্ষীরাঃ যুদ্ধাপরাধীদের বিচার, ধর্মভিত্তিক মৌলবাদী রাজনৈতিক দল নিষিদ্ধ এবং ৭২'র সংবিধান প্রবর্তনের দাবিতে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তারা বলেন, যুদ্ধাপরাধীদের বিচার বাঁধাগ্রস্ত করতে বিএনপি ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। তারা চায় না যুদ্ধাপরাধীদের বিচার হোক। তারা ঘরে বাইরে যতই ষড়যন্ত্র করুক না কেন বাংলার মাটিতেই যুদ্ধাপরাধীদের বিচার হবেই হবে।

গতকাল শনিবার সাতক্ষীরা প্রেসক্লাবের সামনে জেলা ছাত্রমৈত্রী ও যুবমৈত্রীর যৌথ আয়োজনে মানববন্ধনে সভাপতিত্ব করেন জেলা যুবমৈত্রীর সভাপতি স্বপন কুমার শীল এবং পরিচালনা করেন সাধারণ সম্পাদক মফিজুল হক জাহাঙ্গীর। কর্মসূচিতে প্রধান অতিথির বক্তব্য দেন, জেলা ওয়ার্কার্স পার্টির সম্পাদক ও পিপি এ্যাড. মুস্তফা লুৎফুল্লাহ। সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ও সাতক্ষীরা প্রেসক্লাবের সভাপতি অধ্যক্ষ আবু আহম্মেদ, জেলা বাকশিসের সভাপতি অধ্যক্ষ

আশেক-ই-এলাহী, শ্রমিক নেতা হারুণ-উর-রশিদ, যুবনেতা সাদিকুর রহমান সাদিক, দেবনাথ শর্মা, ছাত্রমৈত্রী নেতা সুব্রত হালদার, সুব্রত সানা প্রমুখ।

শরণখোলায় একই স্থানে বিএনপির ইফতার ও যুবলীগের সমাবেশ, ১৪৪ ধারা জারি

॥ বাগেরহাট ব্যুরো ॥

বাগেরহাটের শরণখোলায় উপজেলা বিএনপির ইফতার পার্টি ও যুবলীগ একই স্থানে সমাবেশ ডাকায় গত শনিবার দুপুরে প্রশাসনের পক্ষ থেকে ১৪৪ ধারা জারী করা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা খন্দকার জহিরুল ইসলাম দুপুরে উভয় পক্ষকে নিয়ে সমঝোতার চেষ্টা চালিয়ে ব্যর্থ হয়ে ১৪৪ জারী করেন। প্রায় এক সপ্তাহ ধরে উপজেলা বিএনপি রায়েন্দা পাইলট হাইস্কুলে ইফতার পার্টি করার অনুমতি নিয়ে প্রস্তুতি গ্রহণ করে। কিন্তু হঠাৎ করে শনিবার দুপুরে ওই স্কুলে উপজেলা যুবলীগ এক আলোচনা সভার ডাক দেয়। এরই প্রেক্ষিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা উভয় পক্ষকে নিয়ে সমঝোতার চেষ্টা করেন বলে উপজেলা নির্বাহী কর্মকর্তা খন্দকার জহিরুল ইসলাম জানান। পরে সমঝোতার চেষ্টা ব্যর্থ হলে সেখানে ১৪৪ জারী করা হয়।

আশাশুনিতে পুকুরে ডুবে শিশুর মৃত্যু

॥ নিজস্ব সংবাদদাতা ॥

আশাশুনি(সাতক্ষীরা)ঃ আশাশুনিতে পুকুরে ডুবে এক শিশুর মৃত্যু হয়েছে। গতকাল বেলা সাড়ে ১০টায় আশাশুনি সদরে এ মর্মান্তিক ঘটনা ঘটে।

আশাশুনি গ্রামের আলম সরদারের ছেলে রায়হান (২) গতকাল ঘটনার সময় বাড়ির উঠানে অন্য শিশুদের সাথে খেলা করছিল। খেলতে খেলতে সে পাশের পুকুরে পড়ে যায়। খেলার সাথী শিশুরা ভয়ে পালিয়ে যায়। পরে তার মৃতদেহ ভেসে উঠলে দ্রুত হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

জিয়ানগরে পর্ণ ছবি প্রতিরোধে অভিযান, গ্রেফতার ২

॥ জিয়ানগর (পিরোজপুর) প্রতিনিধি ॥

জিয়ানগরে পর্ণ ছবি সরবরাহ ও বিপনণ করার অভিযোগে দুই যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

স্থানীয় ও থানা সূত্রে জানা যায়, শুক্রবার বিকালে উপজেলার পাড়েরহাট বন্দরে ডিবি পুলিশের একটি দল অভিযান চালিয়ে রিয়াজ এন্টারপ্রাইজ থেকে কম্পিউটারে পর্ণ ছবিসহ বিভিন্ন দৃশ্য মোবাইলে বাণিজ্যিক ভিত্তিতে সরবরাহ করায় কম্পিউটারসহ রিয়াজুল ইসলাম ও রুবেল তালুকদার নামের দুই যুবককে গ্রেফতার করে আদালতে পাঠিয়েছে পুলিশ। জানা যায়, পিরোজপুর ডিবি পুলিশের একটি দল উপজেলার বিভিন্ন হাট-বাজারে সিডি ও কম্পিউটারের দোকান এ অভিযান চালায়।

সাতক্ষীরা প্রেসক্লাবে যমুনা বাঁচাও আন্দোলন কমিটির মতবিনিময়

॥ নিজস্ব প্রতিনিধি ॥

সাতক্ষীরাঃ প্রকৃতির নিষ্ঠুরতা এবং নদী শাসনের ফলে সাতক্ষীরা অঞ্চলের নদীগুলো দিন দিন সংকুচিত হয়ে আসছে। মরে যাচ্ছে এর স্বাভাবিক গতি প্রবাহ। যার প্রভাব গিয়ে পড়ছে পরিবেশ এবং এ অঞ্চলের মানুষের জীবনযাত্রার উপর। তাই প্রকৃতি ও মানুষকে বাঁচাতে হলে নদ-নদীগুলোকে বাঁচিয়ে রাখতে হবে। এজন্য নদীগুলোতে বাঁচাতে দরকার ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের গতিশীল কার্যক্রম। সাথে সাথে গড়ে তুলতে হবে সামাজিক আন্দোলনও।

গতকাল শনিবার সকাল ১১টায় সাতক্ষীরা প্রেসক্লাবে যমুনা বাঁচাও আন্দোলন কমিটির উদ্যোগে "সাতক্ষীরা উপকূলীয় অঞ্চলের স্থায়িত্বশীল জীবন-জীবিকার নিশ্চয়তার লক্ষ্যে ইছামতির প্রবাহযুক্ত মরিচ্চাপ, লাবণ্যবতী, প্রাণসায়ের ও যমুনা নদীসমূহের প্রবাহ উন্মুক্ত করার সম্ভাবনা ও সংকট' বিষয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে অংশগ্রহণকারীরা এসব কথা বলেন।

বক্তারা আরো বলেন, এ অঞ্চলের মধ্য দিয়ে প্রবাহিত নদীগুলোর অধিকাংশ উজানে ভারতের নদীগুলোর সাথে সম্পৃক্ত। কিন্তু উজানে ভারতের বিভিন্ন নদীতে বাঁধ দেয়া এবং এদেশের নদীগুলোতে পানি উন্নয়ন বোর্ডের অপরিকল্পিত স্লুইস গেট, বাঁধ নির্মাণ করার ফলে তা' দিন দিন সংকুচিত হয়ে মরে যাচ্ছে। এছাড়া ঠিক সময় পরিমাণমতো বৃষ্টিপাত না হওয়ায় এবং উজানে স্রোতের তীব্রতা না থাকায় এসব নদীতে আগের মতো প্রবাহ সৃষ্টি হয় না।

বক্তারা অভিযোগের সুরে বলেন, এ অঞ্চলের নদীগুলো রক্ষায় দীর্ঘদিন কোন কার্যকর পদক্ষেণ গ্রহণ করা হয়নি। পানি উন্নয়ন বোর্ড প্রতি বছর এসব নদীগুলোতে কোটি কোটি টাকা খরচ করে খনন কার্যক্রম পরিচালনা করলেও তার কোন সুফল চোখে পড়ে না।

সাতক্ষীরা প্রেসক্লাবের সভাপতি অধ্যক্ষ আবু আহমেদের সভাপতিত্বে যমুনা বাঁচাও আন্দোলন কমিটির কার্যক্রম তুলে ধরেন প্রগতি'র সম্পাদক অধ্যক্ষ আশেক-ই-এলাহী। মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন যুগান্তর ও এনটিভির সুভাষ চৌধুরী, প্রথম আলোর কল্যাণ ব্যানার্জি, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এম কামরুজ্জামান, জনকণ্ঠের মিজানুর রহমান, আরটিভি ও কালের কণ্ঠের রামকৃষ্ণ চক্রবর্তী, নয়াদিগন্তের কাজী শহিদুল হক রাজু, সময়ের খবরের রুহুল কুদ্দুস, পূর্বাঞ্চলের বদিয়ার রহমান, কাফেলার শেখ ফরিদ আহমেদ ময়না, দৃষ্টিপাতের ডিএম কামরুল ইসলাম, প্রগতির মাহবুবুর রহমান মোহন, গণমাধ্যম ও উন্নয়নকর্মী ফারুক রহমান, যুগের বার্তার আমিনুর রশিদ প্রমুখ।

শার্শায় বাসের চাকায় পিষ্ট হয়ে স্কুল ছাত্রের মৃত্যু, সড়ক অবরোধ

॥ বেনাপোল অফিস ॥

গতকাল দুপুরে শার্শার জামতলা বাজারে বাসের চাকায় পিষ্ঠ হয়ে রাসেল (৮) নামের এক স্কুল ছাত্রের মৃত্যু হয়েছে। বিক্ষুব্ধ জনতা এ ঘটনায় ২ ঘন্টা সড়ক অবরোধ করে যানবাহন চলচাল বন্ধ করে দেয়।

পুলিশ জানায়, শার্শার জামতলা বাজারে নিহত রাসেল পিতাকে দেখে দৌঁড়ে সড়ক পার হওয়ার সময় পিছন দিক থেকে আসা যশোরগামী খুলনা মেট্রো-ব-১১-০১৩১ নম্বরের একটি দ্রুতগামী বাস তাকে ধাক্কা দিলে চাকায় পিষ্ঠ হয়ে ঘটনাস্থলেই মারা যায় সে। এ সময় গাড়ীর চালক বাস ফেলে পালিয়ে যায়। ঘাতক বাসটিকে পুলিশ আটক করেছে। পরে পুলিশ ও স্থানীয় রাজনৈতিক নেতাদের হস্তক্ষেপে ২ ঘন্টা পর জনতা অবরোধ তুলে নিলে যানবাহন চলাচল পুনরায় শুরু হয়। নিহত রাসেল শার্শার সামটা গ্রামের নজরুল ইসলামের পুত্র। সে জামতলা প্রাথমিক স্কুলের ২য় শ্রেণীর ছাত্র। এ ব্যাপারে শার্শা থানায় মামলা হয়েছে।

বাগেরহাটে পিকআপ উল্টে ১৫ জন আহত

॥ বাগেরহাট ব্যুরো ॥

বাগেরহাটে মাছের পোনাবাহী পিকআপ উল্টে কমপক্ষে ১৫ ব্যবসায়ী আহত হয়েছে। গত শনিবার দুপুরে বাগেরহাট-খুলনা মহাসড়কের লকপুর যুগীখালী ব্রিজের নিকট এ দুর্ঘটনা ঘটে।

আহতদের মধ্যে পিকআপ চালক রহমান (৩৫), হেলপার কবির হোসেন (২৫), মাছ ব্যবসায়ী সালেহ আহমেদ (৪৫), খোকন মিয়া (৩৪) ও এনামুল কবির (২১) কে এলাকাবাসী উদ্ধার করে খুলনা

মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। দুর্ঘটনাকবলিত পিকআপটি সাদা মাছের পোনা নিয়ে যশোর থেকে বরগুনা জেলার পাথরঘাটায় যাচ্ছিল।

সরকার দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব বিলিয়ে দিচ্ছে

------তরিকুল ইসলাম

॥ বেনাপোল অফিস ॥

বর্তমান সরকার ষড়যন্ত্র করে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব একটি দেশের কাছে বিলিয়ে দিচ্ছে। দেশে আজ আইন-শৃংখলা পরিস্থিতি বলতে কিছুই নেই। দেশের মানুষের নিরাপত্তা নেই। এ সরকারের কাছে কেউ নিরাপদ নয়। ওসি টিএনওকে ধরে তারা মারছে। জুলুমবাজ সরকারের হাত থেকে দেশকে রক্ষা করতে হলে আন্দোলন সংগ্রামে, সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান। তিনি গতকাল সন্ধ্যায় বেনাপোল হাইস্কুল মাঠে শার্শা থানা বিএনপি আয়োজিত সমাবেশ শেষে এক দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠানে এ কথা বলেন। খাইরুজ্জামান মধুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে জেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যাডভোকেট সাবেরুল হক সাবু, জেলা জামায়াতের আমীর মাওলানা অজিজুর রহমান, জেলা বিএনপির সহ-সভাপতি আলহাজ্ব শামসুর রহমান, কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের যুগ্ম-সাধারণ সম্পাদক আলহাজ্ব মহসিন কবীর, চৌগাছা বিএনপির সভাপতি জহুরুল ইসলাম, ঝিকরগাছা থানা বিএনপির সভাপতি নাজমুল ইসলাম, শার্শা থানা বিএনপির সাধারণ সম্পাদক হাসান জহির বক্তব্য রাখেন।

ড্যাবের ইফতার মাহফিলে বক্তারা

দেশের বিভিন্ন স্থানে চিকিৎসকদের নিবর্তনমূলক বদলী করা হচ্ছে

॥ স্টাফ রিপোর্টার ॥

ডক্টরস এসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) খুলনা জেলা ও মেডিকেল কলেজ হাসপাতাল শাখা আয়োজিত ইফতার মাহফিলপূর্ব আলোচনা সভায় বক্তারা বলেছেন, দেশে বর্তমানে এক অস্বস্তিকর অবস্থা বিরাজ করছে। চিকিৎসকদের করা হচ্ছে নিবর্তনমূলক বদলী। এতে স্বাস্থ্যসেবায় নেমে এসেছে এক অসহনীয় অবস্থা।

গতকাল শনিবার সন্ধ্যায় নগরীর হোটেল রয়্যালে এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। ডাঃ রফিকুল হক বাবলুর সভাপতিত্বে অনুষ্ঠিত ইফতার মাহফিলে প্রধান অতিথি ছিলেন, খুলনা-২ আসনের সংসদ সদস্য নজরুল ইসলাম মঞ্জু। অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন, সাবেক এমপি এম, নূরুল ইসলাম।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, এ্যাড. শফিকুল আলম মনা, ডাঃ সৈয়দ মোঃ ইলিয়াছ, ডাঃ সেখ মোঃ আখতারুজ্জামান, ডাঃ মোঃ মোস্তফা কামাল, ডাঃ মোঃ সওকাত আলী লস্কর, অধ্যক্ষ মাজহারুল হান্নানসহ খুলনার বিভিন্ন শ্রেণী-পেশার প্রতিনিধিবৃন্দ। এসময় দোয়া মোনাজাত পরিচালনা করেন খুলনা জেলা ইমাম পরিষদের মহাসচিব আলহাজ্ব মাওলানা গোলাম কিবরিয়া।

আলোচনা সভায় বক্তারা আরও বলেন, বিগত ১৮ মাসে দেশের বিভিন্ন স্থানে রাজনৈতিক প্রতিহিংসার বশবর্তী হয়ে প্রথিতযশা চিকিৎসকদের প্রত্যন্ত অঞ্চলে বদলী করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকলে চিকিৎসা সেবায় ভীতিকর অবস্থার সৃষ্টি হবে। যা দেশের জন্য মোটেই শুভ লক্ষণ নয়। বক্তারা এ ধারা পরিহার করে দিন বদলের কথা বলে ক্ষমতায় আসা বর্তমান সরকারের প্রতি স্বাস্থ্যসেবায় আমূল পরিবর্তন আনতে পদক্ষেপ নেয়ার আহবান জানান।

সোনাডাঙ্গা থানা বিএনপির ইফতার মাহফিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সোনাডাঙ্গা থানা শাখার উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল গতকাল শনিবার সন্ধ্যায় নগরীর শিববাড়ীস্থ হোটেল টাইগার গার্ডেনে অনুষ্ঠিত হয়।
থানা সভাপতি আনোয়ারুল কাদির খোকনের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন, বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা এম, নূরুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন, নগর বিএনপির সভাপতি নজরুল ইসলাম মঞ্জু এমপি, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান মনি, এ্যাড. শফিকুল আলম মনা, কাজী সেকেন্দার আলী ডালিম, শাহারুজ্জামান মোর্ত্তজা, সৈয়দা নার্গিস আলী, এস,এম মোর্শেদ আলম, ফখরুল আলম, রেহেনা ঈসা, আব্দুল জলিল খান কালাম, শেখ মোশারেফ হোসেন, এ্যাড. ফজলে হালিম লিটন, অধ্যাঃ তারিকুল ইসলাম, অধ্যাঃ আমীর আলী, আরিফুজ্জামান অপু, শাহিনুল ইসলাম পাখি, সিরাজুল হক নান্নু, আরিফুর রহমান মিঠু, একরামুল কবির মিল্টন, শফিকুল আলম তুহিন, শেখ শওকত হোসেন, শাকিল আহমেদ, হাফিজুর রহমান, আসাদুজ্জামান মুরাদ, ইকবাল হোসেন খোকন, শাহাজান, সুলতান আহম্মেদ, সাদেকুর রহমান সবুজ, জামাল হোসেন, হাফিজুর রহমান মনি, রবিউল ইসলাম রবি, আনিসুর রহমান, মহিউদ্দিন টারজান, রাজুল হাসান রাজু, আসিফ ইকবাল লিটন, শেখ ফারুক হোসেন, বাচ্চু মীর, ফিরোজ মোল্লা, মাহামুদ হাসান, জামিরুল ইসলাম, আবু সাইদ, মোঃ মনি, ইউনুস মোল্লা, শেখ সাদী, মিজানুজ্জামান তাজ, নাহিদ আল মামুন, মাহাবুব হাসান পিয়ারু, মিজান, আরজু, আসমত, সুমন, মিন্টু, সোহাগ প্রমুখ।

জাতীয়তাবাদী কাউন্সিলর ফোরামের ইফতার মাহফিল

খুলনা সিটি কর্পোরেশনের জাতীয়তাবাদী কাউন্সিলর ফোরামের উদ্যোগে গতকাল শনিবার সন্ধ্যায় নগরীর হোটেল ক্যাসল সালামে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।
কেসিসির ১৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর আশফাকুর রহমান কাকনের সভাপতিত্বে অনুষ্ঠিত ইফতার মাহফিলে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন, মোসাদ্দেক হোসেন বাবুল, আলহাজ্ব খান মুনসুর আলী, আফরোজা জামান, কাজী মোঃ রাশেদ, মোঃ নুরুজ্জামান খোকন, শাহাজালাল বাবলু, যুবনেতা বেগ তানভিরুল আজম, পারভেজ সাজ্জাদ বাবলা, মোঃ আবুল কালাম, মিনা আজিজুর রহমান, হুমায়ুন কবির, মোঃ তসলিম, মোঃ জাফির হোসেন, ছাত্রনেতা এম,এ, কাফি সখা, সালাউদ্দিন বুলবুল, মোঃ মহিউদ্দিন, হাসানুল হক নিক, মোঃ শাহিন, রেজাউল কবির, গাজী আনোয়ার, আশরাফ চৌধুরী বুলু, মোঃ লিপু প্রমুখ।সভায় ঢাকা সিটি কর্পোরেশনের ৫৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর চৌধুরী আলম নিখোঁজ হওয়ার ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশের পাশাপাশি অবিলম্বে তাকে তার পরিবারের কাছে ফেরত দেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানানো হয়।

দাদা ম্যাচ ফ্যক্টরী চালুর দাবি টাফের

দাদা ম্যাচ ফ্যক্টরী চালুর দাবি জানিয়ে বিবৃতি দিয়েছেন বাংলাদেশ ট্রেড ইউনিয়ন ফেডারেশন-টাফ নেতৃবৃন্দ।বিবৃতিতে ফ্যাক্টরী চালুর পাশাপাশি শ্রমিক কর্মচারীদের ১০ মাসের বকেয়া বেতন মজুরী এবং উৎসব বোনাস প্রদানের দাবি জানানো হয়। বিবৃতিদাতারা হলেন, টাফের জেলা সভাপতি এম হুমায়ুন কবির, সাধারণ সম্পাদক শামীম আকতার লিটু, দিলীপ পাল, আনোয়ার হোসেন, মোল্যা আবুল কালাম, রতন মন্ডল, ফিরোজ আহমেদ, হাসিবুল ইসলাম, আজিজুল শেখ, মোঃ কালাম শেখ, মোঃ কাওছার, মোঃ আল আমিন শেখ, মোঃ ইয়াসীন, মোঃ লিটন হাওলাদার, মোঃ সেলিম শেখ প্রমুখ।

গণপিটুনিতে অজ্ঞান পার্টি সদস্য নিহতের ঘটনাস্থল পরিদর্শনে জেলা আ'লীগ সভাপতি

।। বটিয়াঘাটা প্রতিনিধি ।।

বটিয়াঘাটা উপজেলার জলমা ইউনিয়নের ঝড়ভাঙ্গা এলাকায় গত ১ সেপ্টেম্বর বুধবার দিবাগত রাতে গণপিটুনিতে অজ্ঞান পার্টির সদস্য আজগর মোল্যা নিহত ঘটনাকে ভিন্নখাতে প্রবাহিত করার অপচেষ্টাকে প্রতিহত করতে গতকাল শনিবার বেলা ১১টায় খুলনা জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক হুইপ ও কেন্দ্রীয় সদস্য শেখ হারুনুর রশীদ ঘটনাস্থল পরিদর্শন করেন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা আইন বিষয়ক সম্পাদক এ্যাডঃ নব কুমার চক্রবর্তী, মহিলা ভাইস-চেয়ারম্যান ভগবতী গোলদার, আ'লীগ নেতা প্রদীপ বিশ্বাস, বিধান গোলদার, দেবেন্দ্র নাথ বিশ্বাস, লাবন্য টিকাদার, সুধাংশু রায়, বিজয় টিকাদার, প্রশান্ত রায়, বিশ্বজিৎ সরকার, তদন্তকারী কর্মকর্তা এস,আই হাবিবল্লাহ প্রমুখ। কেন্দ্রীয় নেতা এ সময় এলাকার জনসাধারণকে আশ্বস্ত করেন। এ নিহতকে কেন্দ্র করে হত্যারহস্য ভিন্নখাতে প্রবাহিত হবে না। পরে তিনি অজ্ঞান পার্টির কবলে আক্রান্ত জগদ্বীশ গোলদারের বাড়ি পরিদর্শন করেন।

মনিরামপুরে যুবলীগের ২৮ নেতা-কর্মীকে মামলা থেকে অব্যাহতি

।। মোঃ মনিরুজ্জামান।।

মনিরামপুর(যশোর)।- পৌর মেয়র ও থানা বিএনপির সভাপতি এ্যাডঃ শহীদ মোঃ ইকবাল হোসেনের দায়ের করা দ্রুত বিচার আইনের মামলা থেকে থানা ও পৌর যুবলীগের ২৮ নেতা-কর্মীকে পুলিশ অব্যাহতি দিয়ে মামলার ফাইনাল রিপোর্ট প্রদান করেছে। গত বৃহস্পতিবার এই রিপোর্ট আদালতে প্রদান করা হয়। যার নং- এফআরটি-৩২ তারিখ ৩০/৮/১০। মামলার তদন্তকারী কর্মকর্তা খন্দকার শামীম বলেন, আসামীদের বিরুদ্ধে সুনির্দিষ্টভাবে সাক্ষ্য প্রমাণ পাওয়া যায়নি। এ জন্য মামলার সকল আসামীকে অব্যহতি দেখার জন্য আদালতে প্রতিবেদন দেয়া হয়। তিনি আরো জানান, পৌর মেয়রের মামলার ঘটনা সত্য। তবে কারা এঘটনা ঘটিয়েছে তা সাক্ষী প্রমাণে স্পষ্ট হয়নি। যার কারণে আদালতে প্রতিবেদন দিয়ে বলা হয়েছে, ঘটনা সত্য হলেও আসামীরা এ ঘটনা ঘটায়নি বিধায় তাদেরকে অব্যাহতি দেয়ার আবেদন করা হয়েছে। উল্লেখ্য, ২৫ জুলাই দুপুর ২টায় পৌরসভার যশোর হ-১১-৫২৮১ নম্বরের মটর সাইকেল পুড়িয়ে এর আরোহী পৌর মেয়রের ছোট ভাই তুহিনকে মারপিট করে মারাত্মক আহতাবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়। এছাড়াও পৌর মেয়রের অপর ভাই যুবদল সাধারণ সম্পাদক নিস্তার ফারুকের নোভা প্রিন্টিং প্রেস ভাংচুর করা হয়। এ ঘটনায় পৌর মেয়র থানায় মামলা করলে থানা কর্তৃপক্ষ তার মামলা রেকর্ড করেনি। পরে আদালতে মামলা করা হলে আদালতের নির্দেশে থানায় দ্রুত বিচার আইনে মামলা রেকর্ড হয়। যার নং-১৮(৮) ১০। তারিখ ২০/৮/১০। ১০ দিনের মধ্যে পুলিশ মামলাটির তদন্ত শেষ করে আদালতে প্রতিবেদন দেয়। এ ব্যাপারে পৌর মেয়র বলেন, সাক্ষ্য প্রমাণ না নিয়ে পুলিশ মিথ্যা রিপোর্ট আদালতে দাখিল করেছে।

কালিয়ায় পুলিশ সুপারের যাকাতের কাপড় বিতরণ

।। নিজস্ব সংবাদদাতা।।

কালিয়া(নড়াইল)।- শনিবার সকালে কালিয়া থানা চত্বরে গরীব ও দুঃস্থদের মাঝে যাকাতের শাড়ী ও লুঙ্গি বিতরণ করেন নড়াইলের পুলিশ সুপার এসএম, ফজলুর রহমান। জানা যায় পুলিশ সুপারের নিজস্ব তহবিল থেকে সংগৃহিত অর্থে ক্রয়কৃত এসব যাকাতের কাপড় জেলার সব থানায় দুঃস্থ ও গরীবদের বিতরণ করা হচ্ছে। যাকাত বিতরণের সময় কালিয়া থানার ওসি সৈয়দ কামরুজ্জামান, সেকেন্ড অফিসার আবু তৈয়বসহ সকল কর্মকর্তা ও পুলিশ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশনের দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

বাংলাদেশ ফ্রোজেন ফুড্স এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশন, আঞ্চলিক কার্য্যালয়, খুলনা-এর উদ্যোগে এ্যাসোসিয়েশনের নিজস্ব ভবন "শ্রিম্প টাওয়ার'-এ গতকাল শনিবার এক দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।খুলনা আলীয়া মাদ্রাসার প্রিন্সিপ্যাল মাওলানা মোঃ সালেহ-এর পরিচালনায় অনুষ্ঠিত এই দোয়া ও ইফতার মাহফিলে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খুলনা সিটি করপোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক; খুলনা-২ আসনের সংসদ সদস্য নজরুল ইসলাম মঞ্জু; অতিরিক্ত খুলনা বিভাগীয় কমিশনার (রাজস্ব) মোঃ রফিকুল ইসলাম; সেক্টর কমান্ডার, বিডিআর, খুলনা-এর কর্নেল খন্দকার ওবায়দুল আহসান; খুলনা জেলা প্রশাসক মোঃ জমসের আহাম্মদ খন্দকার: পুলিশ সুপার তানভীর হায়দার চৌধুরী; এনএসআই খুলনা-এর উপ-পরিচালক মোঃ জালাল উদ্দিন বিশ্বাস; মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর, খুলনা-এর উপ-পরিচালক ড. নিত্যানন্দ দাস; খুলনা বিভাগীয় চাষী সমিতির সভাপতি লেঃ গাজী মোহাঃ রহমত উল্লা দাদু; দৈনিক পূর্বাঞ্চল-এর সম্পাদক ও খুলনা বিভাগীয় প্রেস ক্লাব ফেডারেশনের সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী; খুলনা প্রেস ক্লাবের সভাপতি আহমদ আলী খান: পুলিশ প্রশাসনের কর্মকর্তাবৃন্দ; বাংলাদেশ ফ্রোজেন ফুড্স এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশন-এর সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট কাজী শাহনেওয়াজ; ভাইস-প্রেসিডেন্ট সেখ মোঃ আব্দুল বাকীসহ বিএফএফইএ'র পরিচালকবৃন্দ: সাবেক প্রেসিডেন্ট কাজী বেলায়েত হোসেন; এ্যাসোসিয়েশনের বিভিন্ন সদস্য প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক, নির্বাহী পরিচালক, মহাব্যবস্থাপক, বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা, ওজোপাডিকোর কর্মকর্তাবৃন্দ; বিভিন্ন ব্যাংকের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন পত্রিকার সম্পাদক, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক নেতৃবৃন্দ; বিকিউএসপি/ইউনিডোসহ বিভিন্ন এনজিও প্রতিনিধি; বিভিন্ন শিপিং লাইনস-এর কর্মকর্তাবৃন্দ, নগরীর বিভিন্ন শ্রেণী ও পেশার গন্যমান্য নেতৃবৃন্দ।

খুলনায় ঢাকা ব্যাংকের নিজস্ব এটিএম বুথের উদ্বোধন

সম্প্রতি ঢাকা ব্যাংক লিমিটেড-এর সম্প্রসারিত আধুনিক নিজস্ব এটিএম নেটওয়ার্কের অধীনে ঢাকা ব্যাংকের খুলনা কেডিএ এভিনিউ শাখা সংলগ্ন এটিএম বুথ-এর যাত্রা শুরু হলো। বুথটির শুভ উদ্বোধন করেন ব্যাংকের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক কায়সার তমিজ আমীন। এসময় উপস্থিত ছিলেন কার্ডস ও রিটেইল ব্যাংকিং প্রধান শাহ্ আজিজুল ইসলাম, অপারেশন বিভাগের প্রধান ফকরুল ইসলাম, আইটি বিভাগের দায়িত্বে নিয়োজিত সাইফুল মোমিন ও খুলনা শাখার ব্যবস্থাপক মোঃ আরিফ কামাল চৌধুরীসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

শিশু হাসপাতালে বিশিষ্ট ব্যবসায়ী জব্বার মোল্লার ৫ লাখ টাকার অনুদান প্রদান

গতকাল শনিবার দুপুর ১২টায় বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক মোঃ আব্দুর জব্বার মোল্যা ও তার স্ত্রী মুর্শিদা আকতার রনি, খুলনা শিশু হাসপাতালের গরীব দুঃস্থ অসহায় শিশুদের চিকিৎসার্থে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা, খুলনা সিটি কর্পোরেশনের মেয়র ও খুলনা শিশু ফাউন্ডেশনের প্রধান পৃষ্ঠপোষক আলহাজ্ব তালুকদার আব্দুল খালেক-এর কাছে অনুদান হিসেবে হস্তান্তর করেন।

মোঃ আব্দুল জব্বার অনুদান হস্তান্তরকালে খুলনা শিশু হাসপাতালে আরও একটি ওয়ার্ড নির্মাণ করার প্রতিশ্রুতি দেন। উপস্থিত সবাই তার এই অনুদানের জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খুলনা শিশু ফাউন্ডেশনের সহ-সভাপতি ও খুলনা জেলা প্রশাসক মোঃ জমশের আহাম্মদ খন্দকার, খুলনা শিশু ফাউন্ডেশনের মহাসচিব শেখ আব্দুল কাইয়ুম, যুগ্ম- মহাসচিব কেএম রওশন আরা বেগম, খুলনা শিশু হাসপাতালের সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ মিজানুর রহমান মিজান, কোষাধ্যক্ষ আলহাজ্ব মোঃ ফেরদৌস আলম ফারাজী, নির্বাহী সদস্য এমডিএ বাবুল রানা, নির্বাহী

সদস্য শেখ আব্দুস সালাম, নির্বাহী সদস্য ওয়াহিদুজ্জামান, নির্বাহী সদস্য, ডাঃ একেএম কামরুল ইসলাম, হাসপাতালের তত্ত্বাবধায়ক ডাঃ মোঃ কামরুজ্জামান ।অন্যান্য অতিথিবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় প্রেস ক্লাব ফেডারেশনের সভাপতি ও সম্পাদক দৈনিক পূর্বাঞ্চল আলহাজ্ব মোঃ লিয়াকত আলী, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক, এমএ সালাম, এমএ আক্তারুজ্জামান রাসেল, মারুফ বিন আব্দুল জব্বার প্রমুখ।

ব্যাংক কর্মচারী ফেডারেশনের আলোচনা ও ইফতার মাহফিল

গতকাল শনিবার বিকেলে খুলনা জনতা ব্যাংক ভবনে বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক এক আলোচনা সভা একেএম আলতাফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভা পরিচালনা করেন আব্দুল মান্নান শেখ, সভায় প্রধান অতিথি ছিলেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী ও আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ব্যাংক ফেডারেশনের-এর উপদেষ্টা বেগম মন্নুজান সুফিয়ান. এমপি। বিশেষ অতিথি ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র ও মহানগর আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব তালুকদার আব্দুল খালেক, কেন্দ্রীয় কমিটির সদস্য ও জেলা সভাপতি শেখ হারুনুর রশিদ, শেখ আলাউদ্দীন আল-আজাদ মিলন, শেখ সৈয়দ আলী, মোঃ মনিরুজ্জামান খান খোকন, আবুল কাশেম মোল্যা। অনুষ্ঠানে বক্তব্য রাখেন রনজিত কুমার ঘোষ, হাবিবুর রহমান দুলাল, আঃ হালিম গাজী, সাইফ হুমায়ুন কবির, এসএম মাহমুদুল হক, আঃ রহিম খান, মোঃ বাবুল হোসেন, শেখ সরোয়ার হোসেন, মুনসী হেকমত আলী, কাজী আঃ ওহাব, হেকমত আলী মোল্যা, গাজী লিয়াকত হোসেন, বলাকা রায়, মাকলুকার রহমান, তৈহিদ আলী, সাজ্জাদ হোসেন হিটু, মোঃ গোলাম আজম, নুর ইসলাম, এমএম, নজরুল ইসলাম, মোল্যা নজরুল ইসলামসহ বিভিন্ন ব্যাংকের কর্মকর্তা, কর্মচারী ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ।

প্রসেস’র প্রতিবন্ধী শিশুদের মাঝে নতুন কাপড় বিতরণ

গতকাল শনিবার বেলা ১২টায় প্রতিবন্ধী সেবা সংস্থা (প্রসেস)-এর উদ্যোগে প্রতিবন্ধী শিশুদের মাঝে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে নতুন পোশাক বিতরণ করেন প্রধান অতিথি জেলা প্রশাসক মোঃ জমসের আহাম্মদ খন্দকার। তিনি প্রতিবন্ধী শিশুদের সাথে হেসে-খেলে কিছু সময় অতিবাহিত করেন। প্রতিবন্ধী সেবা সংস্থার শিক্ষক-শিক্ষিকা ও চিকিৎসকদের সাথে তাদের সেবা ও শিক্ষা নিয়ে মতবিনিময় করেন। এ সময় বিশেষ অতিথি ছিলেন ২৪নং ওয়ার্ড কাউন্সিলর অধ্যাপিকা হোসনে আরা (রুনু), সাধু বেনেডিক্ট মঠ (মহেশ্বরপাশা) ফাদার প্রেমানন্দ কর্মকার, অবঃ কমান্ডার এসএম ডব্লিউ. জামান, শেখ জামিরুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে সংস্থার প্রধান নির্বাহী মাধব দেবনাথ স্বাগত বক্তৃতা করেন। অনুষ্ঠান পরিচালনা করেন সংস্থার প্রধান সমন্বয়কারী সাইফুল্লাহ আল আজাদ।

স্বপন সাহার সুস্থতা কামনায় প্রার্থনা সভা অনুষ্ঠিত

খুলনা বাজার পূজা কমিটির সাবেক সভাপতি ও বাজার ব্যবসায়ী মালিক সমিতির কোষাধ্যক্ষ স্বপন সাহা অসুস্থ হয়ে নগরীর সন্ধানী ক্লিনিকে চিকিৎসাধীন আছেন। অসুস্থ স্বপন সাহার আরোগ্য কামনা করে পুরাতন কালীমাতা মন্দিরে গতকাল শনিবার সন্ধ্যায় পুরোহিত কানাইলাল চক্রবর্তীর পরিচালনায় এক প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়। ব্যবস্থাপনায় ছিলেন উজ্জল ব্যানার্জী ও তপা হালদার। উপস্থিত ছিলেন মন্দিরের সেবায়েত শিবচন্দ্র ব্যানার্জী, গোপী কিষাণ মুন্দড়া, নিমাই চন্দ্র সরকার, প্রশান্ত কুণ্ডু অশোক আঢ্য, প্রশান্ত ব্যানার্জী, দিলীপ সাহা, ননী গোপাল সাহা, অরবিন্দু সাহা, সঞ্জয় পাল, স্বপন সরকার, সুভাষ সাহা, তোতন হালদার, প্রলয় চন্দ্র সাহা, অসীম সাহা, চঞ্চল ব্যানার্জী, মুখেশ রাম, শরৎ মুন্ধড়া, বিপুল পোদ্দার, জিতেন্দ্র নাথ পোদ্দার, সুশান্ত ব্যানার্জী, মনোরঞ্জন সাহা, রাজীব সাহা, বিল্ব সাহা, ভাস্কর কুন্ডু,

ভোলা সরকার, রূপন দে, ভবেশ সাহা, অমিত কুন্ডু, রাজু শীল, দেবী ঘোষ, সুরেশ রাম, অরুণ চক্রবর্তী, শংকর ঘোষ।

খুলনা জেলা ইট-বালু ব্যবসায়ী কল্যাণ সমিতির আলোচনা ও ইফতার

গত শুক্রবার বিকাল সাড়ে ৫টায় খুলনা জেলা ইট-বালু ব্যবসায়ী কল্যাণ সমিতির অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভা, দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। মোঃ আক্তারুজ্জামান-এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন ২৪নং ওয়ার্ড কাউন্সিলর অধ্যাঃ রুনু বিথার, এসএম মাহবুবুর রহমান খোকনের পরিচালনায় আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন ২৫নং ওয়ার্ড কাউন্সিলর শেখ আলী আকবর টিপু, বক্তৃতা করেন সৈয়দ জাহিদুর রহমান, মোঃ জিয়াউর রহমান কাঞ্চন, শেখ হেমায়েত উদ্দিন, মোঃ নাসীর আহমেদ, মোঃ জলিল, মোঃ আফজাল হোসেন, মোঃ আমজাদ হোসেন মিঠু, মোঃ আকরাম মোড়ল, মোঃ ইমরান হোসেন, মোঃ মামুন অর-রশীদ, মোঃ টিপু সুলতান, শফিকুল ইসলাম ইব্রাহীম প্রমুখ।

প্রফেসর আবুল বাসারকে যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান

খুলনা পাবলিক কলেজের অধ্যক্ষ প্রফেসর এম আব্দুল বাশার মোল্লাকে যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদে নিয়োগ দেয়া হয়েছে। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে অনার্স ও মাষ্টার্স ডিগ্রী অর্জনের পর ১৯৮২ সনের নিয়মিত বি.সি.এস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১৯৮৪ সনে বি.সি.এস শিক্ষা ক্যাডারে যোগদান করেন। তিনি খুলনা সরকারী মহিলা কলেজ, সরকারী এম.এম. কলেজ, যশোর এবং সরকারী বি.এল কলেজ, খুলনাতে দীর্ঘদিন অধ্যাপনা করে ২০০৯ সনের মার্চ মাসে খুলনা পাবলিক কলেজে অধ্যক্ষ পদে যোগদান করেন। শিক্ষাকতার পাশাপাশি তিনি খুলনা মহানগরীতে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডের সঙ্গে জড়িত। খুলনা জেলার তেরখাদা উপজেলার এক সম্ভ্রান্ত পরিবারে তার জন্ম।

বাদল হত্যার প্রতিবাদে নতুন হাট বণিক সমিতির আলোচনা সভা ও দোয়া মাহফিল

গতকাল বিকাল ৫টায় ২নং দামোদর ইউনিয়ন পরিষদের বার বার নির্বাচিত চেয়ারম্যান আবু সাঈদ বাদল হত্যার প্রতিবাদে নতুনহাট বণিক সমিতির উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। শেখ আবুল হাশেম-এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফুলতলা উপজেলার চেয়ারম্যান সরদার আলাউদ্দিন মিঠু। বক্তব্য রাখেন আহসানুল হক লড্ডন, জামান হোসেন ভুইয়া, তৈয়ব আলী সরদার, টুটুল জমাদ্দার, আমির শেখ প্রমুখ।

সভাশেষে এক দোয়া অনুষ্ঠানে শহীদ আবু সাঈদ বাদল-এর রুহের মাগফেরাত কামনা ও শহীদ পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়। দোয়া অনুষ্ঠানটি পরিচালনা করেন মাওঃ আবু জাফর। অনুরূপ আটরা গিলেতলা ইউনিয়নে মশিয়ালী গ্রামবাসীর উদ্যোগে মশিয়ালী আলীয়া মাদ্রাসা ঈদগাহ্ ময়দানে মোল্লা আইয়ুব আলীর সভাপতিত্বে শহীদ আবু সাঈদ বাদলের রুহের মাগফেরাত কামনায় আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফুলতলা উপজেলার চেয়ারম্যান সরদার আলাউদ্দিন মিঠু। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন খানজাহান আলী থানার বিএনপির সাধারণ সম্পাদক মোঃ আমজাদ হোসেন, মোঃ মুনতাজ গাজী, ফজলুর রহমান সরদার, সরদার নজরুল ইসলাম, জামায়াতের নেতা নূরুল ইসলাম, বিএনপির নেতা ফকরুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠান শেষে শহীদ পরিবারের সমবেদনা ও মাগফেরাত কামনা করা হয়।

খুলনা আলিয়া মাদরাসার শিক্ষক আব্দুস সালামের ইন্তেকাল

।। স্টাফ রিপোর্টার।।

খুলনা আলিয়া মাদরাসার উপাধ্যক্ষ মাওলানা আব্দুর রাজ্জাক মিয়ার ভাই ও অত্র মাদরাসার ইবতেদায়ী শাখার শিক্ষক মাওলানা মোঃ আব্দুস সালাম গত ৩ সেপ্টেম্বর রাত ১১টা ২০ মিনিটে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি-----রাজেউন)।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪০ বছর। তিনি পিতা, স্ত্রী, ১ ছেলে, ১ মেয়ে, ৪ ভাই ও ৩ বোনসহ অনেক আত্মীয়-স্বজন রেখে গেছেন। তিনি লিভার সিরোসিস রোগে ভুগছিলেন। তিনি প্রায় ১৫ বছর ধরে মাদরাসায় শিক্ষকতা করেছেন। তিনি পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার চালিতাবুনিয়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মৌলভী হোসাইন আলী। তিনি খুলনা আলিয়া মাদরাসা কামিল বিভাগ থেকে হাদিস বিষয়ে উত্তীর্ণ হন।

গতকাল বাদ জোহর মাদরাসা জানাজা চত্বরে মরহুমের নামাজে জানাজা শেষে মহানগরীর টুটপাড়া কবরস্থানে দাফন করা হয়।মাওলানা মোঃ আব্দুস সালামের ইন্তেকালে মাদরাসা শিক্ষক পরিষদের পক্ষ থেকে পরিষদের সভাপতি অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ সালেহ এক বিবৃতিতে গভীর শোক প্রকাশ করেছেন। তিনি মরহুমের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে তাঁর রুহের মাগফেরাত কামনা করেন।

ডুমুরিয়া উপজেলা কল্যাণ সমিতির ইফতার মাহফিল অনুষ্ঠিত

গতকাল বিকাল ৫টায় খুলনার আহছান উল্লাহ কলেজ মিলনায়তনে ডুমুরিয়া উপজেলা কল্যাণ সমিতি কর্তৃক এক আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি আব্দুল ওয়াহাব মোড়ল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমিতির উপদেষ্টা এ্যাডঃ এনায়েত আলী। বিশেষ অতিথি ছিলেন সমিতির উপদেষ্টা মোফাজ্জেল হোসেন। সমিতির সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত) সরদার লিয়াকত আলী। মেজর আসাদুজ্জামান (অবঃ), অধ্যক্ষ মকবুল হোসেন জোয়ার্দ্দার, উপস্থিত ছিলেন বাংলাদেশ মানবাধিকার সংরক্ষণ কমিশনের কেন্দ্রীয় মহাসচিব সরদার মোমিনুল ইসলাম পারভেজ, সরদার মোঃ হাফিজুর রহমান। আরো উপস্থিত ছিলেন সমিতির সহ-সভাপতি এ্যাডঃ শেখ আবুল কাশেম, ওয়াহিদুজ্জামান মাসুম, আক্তার জাহান লাইলী, আতিয়ার রহমান, অধ্যাপক সালাউদ্দিন প্রমুখ। এই সভার মাধ্যমে সকলেই সম্মিলিতভাবে সমিতির সার্বিক উন্নয়নের লক্ষ্যে একযোগে কাজ করে যাবেন এই আশা রাখেন। সমিতির উদ্দেশ্যে ও লক্ষ্য হচ্ছে অবহেলিত বঞ্চিত মানুষের কল্যাণে কাজ করবেন।

খুলনা মহিলা কলেজ চত্বরে সুন্দরবন রোটারী ক্লাবের বৃক্ষ রোপন

এ পৃথিবীকে বাসযোগ্য করার প্রয়াসে রোটারি ইন্টারন্যাশনালের মুভমেন্টের সাথে একাত্ম হয়ে খুলনার রোটারী ক্লাব অব সুন্দরবন নগরীর বয়রাস্থ সরকারী মহিলা কলেজ ক্যাম্পাসে বৃক্ষ রোপন কর্মসূচী পালন করে। ক্লাব প্রেসিডেন্ট রোটারিয়ান রুমা নন্দীর নেতৃত্বে এ কর্মসূচীতে প্রধান অতিথি ছিলেন উক্ত কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ তৌহিদুজ্জামান, বিশেষ অতিথি ছিলেন উপাধ্যক্ষ প্রফেসর ড. সৈয়েদা লুৎফুন নাহার এবং এ্যাসিস্ট্যান্ট গর্ভনর পিপি ইকবাল মেহেদী কিরন।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন রোটারী লীডার পিপি ইঞ্জিনিয়ার রুহুল আমিন হাওলাদার, পিপি একেএম মঈনুল ইসলাম, পিপি ইউনুস আলী, পিপি মোঃ মোস্তফা, পিপি আলহাজ্ব শেখ আবেদ আলী, আইপিপি শেখ নাসিরুজ্জামান, রোটারিয়ান আলহাজ্ব এমএ বারেক, ইঞ্জিনিয়ার পরিমল কুমার দাস, এ্যাডভোকেট শারমিনা নাসরিন, প্রভাষক নজরুল ইসলাম প্রমুখ।

ক্লাবের পক্ষ থেকে ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষের বিপুল পরিমাণ চারা রোপন করা হয় এবং তা সংরক্ষণের উদ্যোগে নেয়া হয়।

বটিয়াঘাটায় গাঁজাসহ এক ব্যক্তি আটক

।। বটিয়াঘাটা প্রতিনিধি।।

বটিয়াঘাটা উপজেলার মাইলমারা এলাকা থেকে গতকাল শনিবার সকাল ১০টায় ১২ পুরিয়া গাঁজাসহ স্থানীয় জনতা কর্তৃক পংকজ মহালদার (৪৫) নামে এক ব্যক্তিকে আটক করে থানা পুলিশের নিকট সোপর্দ করেছে। সে পার্শ্ববর্তী মাইটভাঙ্গা গ্রামের মৃতঃ পুলিন মহালদারের পুত্র। তবে এলাকাবাসী জানায়, সে অস্বাভাবিক ও নেশাগ্রস্ত। এ ব্যাপারে মামলার প্রস্তুতি চলছিলো।

জাতীয় শোক দিবস উপলক্ষে গল্লামারী সামাজিক উন্নয়ন কমিটির দোয়া ও ইফতার

গল্লামারী সামাজিক উন্নয়ন কমিটির আয়োজনে গতকাল শনিবার বিকাল সাড়ে ৫টায় ২৪নং ওয়ার্ডের রাইসা ক্লিনিকে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধুসহ পরিবারের নিহত সকল সদস্যবৃন্দ, ২১ আগস্ট গ্রেনেড হামলাসহ ৭৫' পরবর্তী সকল হত্যাকান্ডে নিহতদের রুহের মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ২৪ নং ওয়ার্ড কাউন্সিলর অধ্যা. রুনু বিথার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ২৪নং ওয়ার্ড আঃলীগ সভাপতি শেখ আনিসুর রহমান, সাধারণ সম্পাদক মোল্যা মকবুল হোসেন বকু, সাংগঠনিক সম্পাদক বজলুর রহমান, কেসিসি পাইকারী কাঁচা বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক মোঃ নাসীর আহমেদ, গল্লামারী সামাজিক উন্নয়ন কমিটির সভাপতি মোঃ হামিদুল হক, সাধারণ সম্পাদক মোঃ আলতাফ হোসেন, সাংগঠনিক সম্পাদক মোঃ শওকত হোসেন খোকন, কোষাধ্যক্ষ ফারুক হোসেন দুলাল, মোঃ মোস্তফা আল-মামুন প্রবাল প্রমুখ।

খুলনা বাজার ব্যবসায়ী সমিতির বিবৃতি

খুলনা বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আলহাজ্ব মোল্লা সুলতান আহম্মেদ অসুস্থ্য হয়ে ঢাকার একটি প্রাইভেট ক্লিনিকে চিকিৎসাধীন রয়েছেন। তার আশু সুস্থ্যতা কামনা করে বিবৃতি দিয়েছেন সমিতির সাধারণ সম্পাদক শ্যামল কুমার হালদার, মোঃ রফি আহমেদ বাবলা, মোঃ রফিকুল ইসলাম টিপু, অনিল পোদ্দার, মোঃ আব্দুল মতিন পান্না, মোঃ নাসির উদ্দিন দেওয়ান, আলহাজ্ব মোকছেদ আলী, মনোরঞ্জন সাহা, ননী গোপাল সাহা, মোঃ হাফিজুর রহমান, মোঃ মকবুল হোসেন, অসীম কুমার সাহা, অনুপ কুমার শিকদার, অরবিন্দ সাহা, আলহাজ্ব মোঃ আব্দুল হালিম বেগ, সঞ্জয় কুমার পাল প্রমুখ।

নিত্যপণ্যের বাজার দণ্ড নিয়ন্ত্রণে রাখা যাচ্ছে না

।। সাঈয়েদুজ্জামান সম্রাট।।

রমজানে বাজার নামের পাগলা ঘোড়ার লাগাম কিছুতেই নিয়ন্ত্রণে রাখা যাচ্ছে না। চাল, আটা, চিনি, তেল, পেঁয়াজ, রসুন, সবজিসহ নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য অস্বাভাবিকহারে বৃদ্ধি পেয়েছে।

সরকারী ক্রয়ের ক্ষেত্রে দাম বাড়ানোর পর বেড়েছে চালের দাম। চালের মান ভেদে কেজিতে ৩ থেকে ৫ টাকা পর্যন্ত বেড়েছে। ওএমএস চালু হলেও বাজারে চালের দাম হ্রাসে তেমন কোন প্রভাব পড়েনি। কারণ হিসেবে অনেকেই অভিযোগ করে বললেন, নগরীতে মাত্র কয়েকটি যায়গায় ওএমএস এর চাল দেয়া হচ্ছে যা চাহিদার তুলনায় তার পরিমাণ খুবই নগন্য। এদিকে ওএমএস-এর চাল অসাধু ডিলাররা তুলে কালোবাজারে বিক্রি করে দিচ্ছেন। এসব ঘটনায় বিভিন্ন সময়ে আইন-শৃংখলা বাহিনীর হাতে উক্ত

ডিলাররা ধরা পড়লেও তাদের তেমন কোন শাস্তির বিধান না থাকায় এসব অনিয়মে তাদের আগ্রহ বাড়ছে। এছাড়া উক্ত ওএমএস-এর লাইনে দাঁড়িয়ে অনেকের পক্ষে চাল সংগ্রহ খুব কঠিন বলেও তারা জানান। সকলের দাবি অবিলম্বে সারা দেশের ন্যায় খুলনাতেও যথা শীঘ্র ফেয়ার প্রাইস কার্ড পদ্ধতি চালু করা হোক। যার মাধ্যমে নিম্নবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত ও মধ্যবিত্ত আয়ের পরিবারের মানুষ সহজেই উপকৃত হবে। কিন্তু পেঁয়াজের দাম এক সপ্তাহের ব্যবধানে কেজি প্রতি ৮ টাকা, রসুন ৪০ টাকা, কাঁচা মরিচ ৭০ টাকা, শুকনো মরিচ ৪০ টাকা, আদা ৩০ টাকা করে বৃদ্ধি পেয়েছে। সবজির বাজারেও আগুন। সব ধরনের সবজির দামই কেজি প্রতি ৫ থেকে ১০ টাকা পর্যন্ত বেড়েছে। এছাড়াও অন্যান্য পণ্যেরও দাম বৃদ্ধি পেয়েছে কমবেশী। আগামী সপ্তাহে এসব পণ্যের আরও একদফা মূল্য বৃদ্ধির আশংকা রয়েছে। প্রতিদিন লাফিয়ে লাফিয়ে বাড়ছে নিত্য ব্যবহার্য পণ্যের দাম। খুলনা মহাগরীর বিভিন্ন বাজার ও আশেপাশের বাজারসমূহ সরোজমিনে পর্যবেক্ষণ সূত্রে জানা যায়, গতকাল রবিবার নগরীর বড় বাজারে প্রতি কেজি মোটা চাল বিক্রি হয় ৩১/৩২ টাকায় এর চেয়ে কমদামে মেলে শুধু নিম্নমানের চাল। পাইজাম, স্বর্ণা, আঠাশ, ইত্যাদি মাঝারী মানের চালের দাম কেজি প্রতি ৩৫/৩৭ টাকা। গত কয়েকদিনে দু'ধরনের চালের দামই বেড়েছে। বড় বাজারে মিনিকেট চাল বিক্রি হচ্ছে ৪২, ৪৫ টাকা কেজি দরে। আর নাজির শাইল বিক্রি হচ্ছে ৪৮/৫২ টাকা কেজি দরে। বড় বাজারের এনডিসি বাণিজ্য ভান্ডারের বিক্রেতা মধসূদন দাস জানান, গত কয়েকদিন ধরে চালের দাম একটু বাড়তি। সব ধরনের চালের দাম বস্তা প্রতি (৫০ কেজি) প্রায় ১০০ থেকে ১৫০ টাকা বেড়েছে। অনুসন্ধানে জানা গেছে, খুলনার বিভিন্ন পাইকারী ও খুচরা বাজারে মোটা চালের দাম গত মাসের শেষ নাগাদ ২৭/২৮ টাকা ছিল। চিকন চালের দাম ছিল ৩২ থেকে ৩৪ টাকা কেজি। বর্তমানে ২৭/২৮ টাকার মোটা চাল বিক্রি হচ্ছে ৩০/৩১ টাকা। আর ৩২ থেকে ৩৪ টাকা মূল্যের চিকন চালের কেজি গিয়ে দাঁড়িয়েছে ৪৮/৫০ টাকায়। সরকারী সংগ্রহ মূল্য বৃদ্ধির প্রভাব বাজারে পড়ায় সাধারণ মানুষের নাভিশ্বাস অবস্থা। চালের সাথে সাথে বেড়েছে আটার দামও। প্রতি কেজি আটার দাম এ সময়ে বৃদ্ধি পেয়েছে এক টাকা করে। চাল ও আটার সাথে পাল্লা দিয়ে বাড়ছে নিত্য প্রয়োজনীয় খাদ্য পণ্যের দাম। আটার প্রতি কেজির দাম বেড়েছে কেজি প্রতি ৪ টাকা। চিনির দাম এক সপ্তাহের ব্যবধানে কেজি প্রতি ৭ টাকা বেড়ে দাঁড়িয়েছে ৫৪ টাকায়। তেলের দামের ক্ষেত্রেও একই চিত্র। প্রতি লিটার তেলের দাম একসপ্তাহের ব্যবধানে ১০ টাকা বেড়েছে। বর্তমানে ১ লিটার সয়াবিন তেল মানভেদে ৯২/৯৫ টাকা দরে বিক্রি হচ্ছে। সবচেয়ে বেড়েছে কাঁচা ঝাল ও পেঁয়াজের ঝাঝ। প্রতি কেজি কাঁচা ঝাল দাম বেড়েছে ৭০ টাকা, ৩০/৩৫ টাকা দামের কাঁচা মরিচের গতকালের দাম ছিল ১০০/১১০ টাকা, ১২০ টাকা কেজির শুকনো মরিচের দাম বৃদ্ধি পেয়ে ১৬০ টাকায় উন্নীত হয়েছে। মসলার বাজারে আগুন, বাজারে হলুদের দাম ছিল ৩০০/৩৬০ টাকা পর্যন্ত। জিরার দাম বৃদ্ধি পেয়ে বিক্রি হচ্ছে ৩৫০ টাকা কেজি দরে। এলাচির দাম বেড়েছে সর্বাধিক রেকর্ড সংখ্যক কেজিতে প্রায় ১২০০ টাকা, ১৮০০ টাকা কেজি দরের এলাচ বিক্রি হচ্ছে ২৮০০/৩০০০ টাকা কেজি দরে । ১৮ টাকা হালি দরের ডিম এখন ২৬/২৭ টাকা দরে বিক্রি হচ্ছে। মাংসের বাজারে গতকাল দাম ছিল বয়লার মুরগী কেজি ১৩৫ টাকা, খাসির মাংস কেজি ৩৫০ ও গরুর মাংস ২৩০ টাকা। ইলিশের কেজি ৬০০ টাকা। এছাড়াও প্রায় সকল প্রকারের মাছের দাম কেজিতে বৃদ্ধি পেয়েছে ৫০/৬০ টাকা করে। এভাবেই বাড়ছে সকল নিত্য প্রয়োজনীয় ও খাদ্য পণ্যের দাম। প্রায় সকল নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধি সম্পর্কে খুলনা মহানগরীর বিভিন্ন বাজারের ব্যবসায়ীরা একই সুরে কথা বললেন। তারা জানান পাইকাররা আড়তে যে হারে মালামালের দাম নিচ্ছেন। তারা সে হারে খুচরা বিক্রি করছেন সীমিত মুনাফা রেখে। পাইকারী বাজারে দাম বাড়লে তারাও দাম বৃদ্ধি করতে বাধ্য।

এব্যাপারে পাইকারী বিক্রেতাদের কাছে জানতে চাইলে তারা পূর্বাঞ্চলকে জানান, তারা উৎপাদনকারী ও মোকাম থেকে বেশি দামে সকল পণ্য কিনে আনছেন। উৎপাদনকারী ও মোকামে যে হারে খাদ্য পণ্যের দাম বাড়ছে তার সাথে খরচ ও সামান্য মুনাফা রেখে তারা পণ্য বিক্রি করছেন। দামের এই অস্থিরতার

ব্যাপারে তাদের কিছু করণীয় নেই বলে জানান। তারা আরো জানান, যে হারে ভোগ্যপণ্যের দাম বাড়ছে তাতে ঈদেও আগে আরো অন্ততঃ একদফা পণ্যের দাম বাড়তে পারে বলে তারাও আশংকা করছেন। এদিকে দফায় দফায় মূল্য বৃদ্ধির পরও এখনো পর্যন্ত বাজার নিয়ন্ত্রণে সরকারী মনিটরিং কার্যকর হয়নি। নিয়ন্ত্রণহীন এই বাজারদর রমজানে কোথায় গিয়ে ঠেকে তা নিয়ে শঙ্কিত নগরবাসী। বাজার নিয়ন্ত্রণে এই মুহূর্তে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) কোন ভূমিকা রাখতে পারছেনা। এবিষয়ে নাম প্রকাশে অনিচ্ছুক, খুলনা আঞ্চলিক (টিসিবি) কার্যালয়ের কর্মরত এক কর্মচারী জানান, দীর্ঘদিন যাবত টিসিবি খুলনা কার্যালয়ে জনবল সঙ্কট, এ কারণে তারা ঠিকমত বাজার মনিটরিং করতে পারছেন না।

আল বিদা

মাহে রমজান

।। স্টাফ রিপোর্টার ।।

আজ ২৫শে রমজান। রমজানুল মুবারক মাস খায়ের ও বরকতের বসন্তকাল। রমজানের দিনে আল্লাহ তায়ালা রোজা ফরজ করেছেন এবং রাসুলুল্লাহ (সাঃ)-এর পবিত্র যবানে তারাবীহের নামাজকে সুন্নত ঘোষণা করা হয়েছে। রমজানের উপকারিতা ও খায়ের বরকত পূর্ণরূপে লাভ করতে হলে তারাবীর ব্যাপারে অবশ্যই যত্নবান হতে হবে। এজন্য মুমিন বান্দা মহান আল্লাহ পাকের নৈকট্য ও সন্তুষ্টি অর্জন করার জন্য তারাবীর পাগল হয়ে থাকে। বিশ্বাসের সাথে ও সওয়াবের আশায় বিশ রাকাত তারাবীর নামাজে মহান আল্লাহ পাকের সাথে দীর্ঘ আলাপচারিতার মাধ্যমে মহব্বতের পিপাসা নিবারন করে হৃদয়ের তৃপ্তি আহরণ করে।তারাবীর নামাজের গুরুত্ব অন্যান্য নফল ও সুন্নতের তুলনায় অনেক বেশী। উহার মধ্যে ফরজের মত জামাত বিধিবদ্ধ করা হয়েছে। যদিও নবীজি (সাঃ) তারাবীর নামাজ ফরজ হয়ে যায় কিনা এই ভয়ে জামাতের ব্যবস্থা করেননি।

কোষ্টগার্ড ও বন বিভাগের অভিযান

তিন লাখ টাকা মূল্যেও সুন্দরী গাছ উদ্ধার

॥ নিজস্ব প্রতিনিধি ॥

মংলা(বাগেরহাট)ঃ কোষ্টগার্ড ও বনবিভাগের যৌথ অভিযানে সুন্দরবন থেকে পাচার হওয়া প্রায় তিন লাখ টাকা মূল্যের সুন্দরী গাছ উদ্ধার করা হয়েছে। গতকাল শনিবার ভোর রাতে রূপসা ব্রীজ এলাকা থেকে এ গাছ উদ্ধার করা হয় এবং উদ্ধারকৃত গাছ বন বিভাগের ঢাংমারী ষ্টেশনে রাখা হয়েছে ।

ঢাংমারী ষ্টেশন কর্মকর্তা কাজী মোকাম্মেল কবীর জানান, গোপন সংবাদের ভিত্তিতে কোষ্টগার্ড মংলা জোনের সদস্যদের সহযোগিতায় রূপসা ব্রীজ এলাকা থেকে এ গাছ উদ্ধার করা হয়। বন বিভাগের কালাবগি এলাকার ভদ্রা ক্যাম্প এলাকা থেকে এ সব কর্তন নিষিদ্ধ গাছ পাচার হচ্ছিল বলে জানা গেছে। বন বিভাগের অপর একটি সূত্র জানায় ভদ্রা ক্যাম্পের এফজি (ফরেষ্ট গার্ড) আজাদের সহযোগিতায় এ গাছ কর্তন করা হয়েছে বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শী একটি সূত্র জানায়, আজাদ মংলায় এসে গাছ চোরাকারবারীদের সাথে গোপন বৈঠক করে এবং গাছ কাটার মাসোহারার টাকা নিয়ে যায়। এ বিষয় আজাদের বক্তব্য গ্রহণের জন্য যোগাযোগ করে তাকে পাওয়া যায়নি।

লোহাগড়ায় যুদ্ধাপরাধের বিরুদ্ধে মামলার প্রতিবাদে সভা

॥ লোহাগড়া(নড়াইল), প্রতিনিধি ॥

নড়াইলের লোহাগড়ায় যুদ্ধাপরাধের অভিযোগে তিনজনের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হয়েছে। ২৯ আগষ্ট নড়াইল সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট লোহাগড়া (খ) অঞ্চলের বিচারক মোঃ কেয়ামত আলীর আদালতে মামলাটি দায়ের করেন লোহাগড়া উপজেলার চরমল্লিকপুর গ্রামের মোল্যা মোহাম্মদ হোসেন। মামলায় আসামী করা হয় বাদীর আপন চাচা গোলাম রসুল মোল্যা (৭০) চাচাত ভাই লুৎফর রহমান মোল্যা (৫৫) ও ফুফাতো ভাই হাবিবুর মল্লিককে আসামী করা হয়েছে। মামলার অভিযোগ করা হয়েছে ১৯৭১ সালের ১৫ আগষ্ট বাদী মোল্যা মোহাম্মদ হোসেনের পিতা মোয়াজ্জেম হোসেনকে বাড়ি থেকে ধরে নিয়ে যায় এবং হত্যা করে তার আপন ভাই গোলাম রসুল মোল্যাসহ ৩ জন। আসামীরা স্বর্ণ ও নগদ ১ লক্ষ টাকাসহ বিভিন্ন মালামাল লুটপাট এবং লোহাগড়া বাজারের দোতলা বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে আগুন ধরিয়ে দেয়। এঘটনা বাদীর আপন বড় বোন জাহেদা বেগম ৩১ আগষ্ট সংবাদ সম্মেলনে জানান, ঘটনার দিন সকালে তার পিতাকে নকশালরা ধরে নিয়ে গিয়েছিল তার চাচা রসুল মোল্যা ও চাচাতো ভাই লুৎফর ও ফুফাতো ভাই হাবিবর এ সময় উপস্থিত ছিল না। তার ভাই মোহাম্মদ হোসেন অন্যের পরামর্শ অনুযায়ী চাচার নিকট লোহাগড়া বাজারের দোতলা বাড়ি বিক্রি করার ১০ লক্ষ টাকা দাবি করে, না পেয়ে এই মামলা দায়ের করেছেন। এঘটনায় মল্লিকপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোস্তফা কামাল গত ০৩-০৯-১০ তারিখে ইউনিয়নের লোক ডাক দিয়ে এক প্রতিবাদ সভা করেন।

প্রতিবাদ সভা চেয়ারম্যান মোস্তফা কামালের সভাপতিত্বে বক্তৃতা করেন সাবেক চেয়ারম্যান এস এম মনিরুজ্জামান, মুক্তিযোদ্ধা সৈয়দ শামসুল আলম কচি, আওয়ামী লীগ নেতা মোর্তজা মোল্যা, আওয়ামী লীগ নেতা মোশারফ হোসেন, মুক্তিযোদ্ধা মোঃ মোহাসীব আলী, মুক্তিযোদ্ধ আলহাজ্ব মোঃ এলাহী মোল্যা, মুক্তিযোদ্ধা মোঃ ফায়েক মাস্টার, মুক্তিযোদ্ধ মোঃ ওমর আলী, মুক্তিযোদ্ধা মোঃ দাউদ মোল্যা, আওয়ামী লীগ নেতা মোঃ দুলাল ঠাকুর, আওয়ামী লীগ নেতা মোহাম্মদ হাসান বিশ্বাস, ইউপি সদস্য মোঃ আলেক বিশ্বাস, ইউপি সদস্য মোঃ ঠান্ডু, ইউপি সদস্য মোঃ নূরুজ্জামান বিশ্বাস, ইউপি সদন্য মোঃ টগর, ইউপি সদস্য মোঃ ইমদাদুল মল্লিক, ইউপি সদস্য আব্দুল হক, আওয়ামী লীগ নেতা মোঃ মনিরুল ইসলাম, মোঃ মুজিবুর রহমান প্রমুখ।

একটি বাড়ি একটি খামার প্রকল্পে রামপাল উপজেলার সুবিধাভোগী বাছাই কাজ সমাপ্ত

॥ নিজস্ব সংবাদদাতা ॥

ফয়লাহাট(রামপাল)।- সরকারের একটি বাড়ি একটি খামার প্রকল্পে রামপাল উপজেলা সুবিধাভোগী বাছাই কাজ শেষ করা হয়েছে। এ প্রকল্পের নিয়মানুসারে এ উপজেলার ১০ ইউনিয়নের মধ্য ৪টি ইউনিয়নের ৫টি গ্রাম থেকে ১২০টি পরিবারকে প্রাথমিকভাবে বাছাই করা হয়েছে। এর মধ্য থেকে বাছাই প্রক্রিয়া শেষে ৬০ জনকে অনুদান দেবে সরকার। এরই অংশ হিসেবে বাগেরহাট জেলার উপকূলীয় উপজেলা রামপালের ৪ ইউনিয়ন বাইনতলা, পেড়িখালী, মল্লিকেরবেড় ও রামপাল সদর ইউনিয়নে এ প্রকল্পের কাজ হবে। এরই মধ্য এ সব ইউনিয়নের গ্রাম থেকে বাছাই কাজ শেষ করা হয়েছে। বাছাই করা গ্রামগুলো হচ্ছে বাইনতলা ইউনিয়নের কুমলাই, খেজুরমহল, সোলাকুড়া, কাশিপুর ও বৃচাকশ্রী। পেড়িখালী ইউনিয়নের ৭ পুকুরিয়া, ডাকরা, পেড়িখালী, বড়কাটারী ও রোমজাইপুর। মল্লিকেরবেড় ইউনিয়নের মাদারদিয়া, পশ্চিম মল্লিকেরবেড়, মল্লিকেরবেড়, ছোট স্যান্নাসী ও বড় স্যান্নাসী। রামপাল সদর ইউনিয়নের পেপুলবুনিয়া, সুলতানিয়া, ভাগা, শ্রীফলতলা ও শ্রীকলস। একটি বাড়ি একটি খামার প্রকল্পের কাগজপত্র পর্যালোচনা করে দেখা গেছে এ কাজে বাছাই হয়ে যে ৪টি মানদন্ড নির্ধারণ করা হয়েছে তা’ হলো গ্রামের দরিদ্র মহিলা যিনি পরিবারের প্রধান, শুধু বসতভিটা রয়েছে এমন পরিবার প্রধান, ভূমিহীন দরিদ্র যার ভিটামাটিসহ শূন্য দশমিক ৫০ একর ভূমি রয়েছে, আয়ের কোন নিয়মিত উৎস নেই এবং যিনি

কায়িক শ্রম বিক্রি করে জীবিকা নির্বাহ করেন, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক যাদের ভিটাবাড়িসহ ২ দশমিক ৫০ একর জমি রয়েছে এবং অনগ্রসর/চর এলাকার ক্ষেত্রে ভিটাবাড়িসহ যাদের ৪ একর পর্যন্ত জমি রয়েছে। সুবিধাভোগিরা সরকারের একটি বাড়ি একটি খামারের শর্ত অনুযায়ী হাঁস-মুরগী পালন, গবাদি পশু পালন, মৎস্য চাষ, সবজী চাষ, কুটির শিল্পসহ অন্যান্য কাজ করছে কি না তা দেখাশোনার জন্য একজন প্রকল্প সমন্বয়কারী, একজন মাঠ সংগঠক ও একজন কম্পিউটার অপারেটর নিয়োগ দেওয়া হয়েছে। তবে সরকারীভাবে বাছাইকৃত পরিবারগুলোকে কি পরিমাণ আর্থিক সহায়তা দেওয়া হবে তার কোন পরিসংখ্যান উপজেলা পল্লী উন্নয়ন অফিস দিতে পারেননি। উপজেলা চেয়ারম্যান অধ্যাপক মোল্লা আঃ রউফ, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ হেমায়েত হোসেন, রামপাল সদর ইউপি চেয়ারম্যান জামিল হাসান জামু, পেড়িখালী ইউপি চেয়ারম্যান হাওলাদার, রফিকুল ইসলাম বাবুল, মল্লিকেরবেড় ইউপি চেয়ারম্যান তালুকদার ছাব্বির আহম্মেদ, বাইনতলা ইউপি চেয়ারম্যান এড. সরদার মুজিবুর রহমানসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতে সুবিধাভোগি বাছাই করা হয়। উপজেলা চেয়ারম্যান অধ্যাপক মোল্লা আঃ রউফ পূর্বাঞ্চলকে জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি বাড়ি একটি খামার প্রকল্প বাস্তবে রূপ দিতে রামপালের ৪ ইউনিয়নে কাজ শুরু করা হয়েছে।

রামপালে জমি বিক্রির টাকা নিয়ে রেজিষ্ট্রি না করায় আদালতে মামলা

॥ নিজস্ব সংবাদদাতা ॥

ফয়লাহাট(রামপাল) ।- রামপালের কিসমত ঝনঝনিয়া এলাকার কুদ্দুছ শেখ (৫৫) নামের এক ব্যক্তি জমি বিক্রির কথা বলে ফুলজান বেগম (২৭) নামের কাছ থেকে ৭০ হাজার টাকা নিয়ে জমি রেজিষ্ট্রি করে না দিয়ে ওই টাকা আত্মসাতের চেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় ফুলজান বেগম বাদী হয়ে বাগেরহাট চিফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে একটি মামলা দায়ের করেছেন। মামলা সূত্রে জানা গেছে, রামপাল উপজেলার কিসমত ঝনঝনিয়া এলাকার কুদ্দুছ শেখ পার্শ্ববর্তী ভাগা মৌজার সিএস ৭৮ বিএস আরএস ৬৪নং খতিয়ানের ১২/১১৩/১২২ দাগের ১৪ শতক জমি বিক্রি করার কথা বলে ভাগা এলাকার আঃ ছত্তার খানের স্ত্রী ফুলজান বেগমের কাছ থেকে ৭০ হাজার টাকা নেয়। টাকা নেওয়ার পর প্রতারক কুদ্দুছ শেখ জমি রেজিষ্টি করে দেবে বলে আজ কাল পরশু এভাবে দিনের পর দিন ঘোরাতে থাকে। এক পর্যায়ে প্রতারক কুদ্দুছ শেখ ওই জমি গোপনে মোংলার দিগরাজ এলাকার আলকাছ আলী শেখের নিকট বিক্রি করে দেয়। এর পর ফুলজান ওই জমি গোপনে বিক্রির খবর পেয়ে আঃ কুদ্দুছের কাছে তার দেয়া ৭০ হাজার টাকা চাইতে গেলে তাকে বলা হয় ১৮ আগষ্ট ফেরত দেবে। ফুলজান ওই দিন টাকা চাইতে গেলে টাকা ফেরত না দিয়ে উল্টো তাকে বলা হয় টাকা আদায় করে নিতে। শেষ পর্যন্ত ফুলজান কোন উপায় না পেয়ে কুদ্দুছ শেখের বিরুদ্ধে বাগেরহাট চিফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালাতে একটি মামলা দায়ের করেছেন।

নওয়াপাড়ায় নির্মাণাধীন একশ’ ৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে উৎপাদন বিলম্বিত হবার আশংকা

॥ অভয়নগর প্রতিনিধি ॥

নওয়াপাড়ার তালতলায় নির্মাণাধীন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে উৎপাদন বিলম্বিত হবার আশংকা দেখা দিয়েছে। নওয়াপাড়ার অদূরে যশোর খুলনা-মহাসড়কের পাশে ভৈরব নদের তীরে তালতলায় ৩শ’ ৯৩

কোটি টাকা ব্যয়ে ৪ একর জমির উপর গড়ে তোলা হচ্ছে ১শ' ৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। সংশ্লিষ্ট মহল আশা করছে, আগামী ৪ নভেম্বর এটি উৎপাদনে যেতে পারে। নওয়াপাড়া এলাকায় শতাধিক শিল্প কারখানা গড়ে উঠেছে। অধিকাংশ মিল রপ্তানীমুখী এবং বৈদেশিক মুদ্রা অর্জনকারী। শুধুমাত্র বিদ্যুৎ ঘাটতির কারণে আহাদ সিমেন্ট, মোমিননগরসহ বেশ কয়েকটি মিল বন্ধ হয়ে গেছে। সংকটময় মুহূর্তে নওয়াপাড়ায় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র চালু না হলে উৎপাদন ঘাটতির হাত থেকে বাঁচা কঠিন।

অটবির প্রতিষ্ঠান কোয়ান্টাম পাওয়ার কোম্পানীর প্রধান প্রকৌশলী মোঃ রওশন আলীর ঘনিষ্ট সূত্র থেকে জানা গেছে, সঠিক সময়ে কাজ সম্পন্ন করার ইচ্ছা আছে। প্রাকৃতিক দুর্যোগ না হলে আশা পূরণ হতে পারে। তবে চোর সিন্ডিকেট বিভিন্ন সময়ে যন্ত্রাংশ চুরি করে কাজ বিলম্ব ঘটাচ্ছে। নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ইনচার্জ মিঃ উজ্জ্বল ইতোমধ্যে রড গেট চুরি হওয়ায় মামলা করেছে। শুরু থেকে এ পর্যন্ত ১৫ লক্ষাধিক টাকার মালামাল চুরি গেছে। রডের দাম বেড়ে গেছে। এ কারণেও চোরেরা এ কেন্দ্রের মালামাল চুরির প্রতি ঝোক দিয়েছে। নওয়াপাড়ার তালতলায় নির্মাণাধীন ১০৫ মেগাওয়াট রেন্টাল পাওয়ার প্লান্টের লাখ লাখ টাকার মালামাল চুরি হয়ে গেছে। অভয়নগর থানা পুলিশ ইতোমধ্যে দেড় লক্ষাধিক টাকা মূল্যের চুরি যাওয়া মালামাল উদ্ধার করেছে। চুরির সাথে সম্পৃক্ততার অভিযোগে পুলিশ একজনকে গ্রেফতার করেছে। তার স্বীকারোক্তি মোতাবেক ২ জনকে আসামি করে থানায় মামলা হয়েছে। অভিযোগ উঠেছে, নির্মাণাধীন পাওয়ার প্লান্টের কতিপয় অসাধু কর্মকর্তা-কর্মচারীরা স্থানীয় একটি চোর চক্রের সাথে আঁতাত করে লাখ লাখ টাকার মালামাল চুরি করে আসছে।

==

রায়েরমহল একাডেমী ফুটবল

ইজাজ ফুটবল একাডেমী কোয়ার্টার ফাইনালে

।। স্পোর্টস রিপোর্টার।।

রায়েরমহল স্পোর্টিং একাডেমী আয়োজিত 'রায়েরমহল স্পোর্টিং একাডেমী ফুটবল টুর্ণামেন্টে' গতকাল খুলনা ইজাজ ফুটবল একাডেমী ও রায়ের মহল সবুজ দলের খেলা গোলশূন্য ড্রয়ের মাধ্যমে শেষ হয়। খেলায় নির্ধারিত সময়ে কোন দলই কোন গোল করতে পারেনি। তবে গোলের ব্যবধানে ইজাজ ফুটবল একাডেমী কোয়ার্টার ফাইনালে পৌঁছে গেছে। খেলায় ম্যান অব দ্য ম্যাচ নির্বাচিত হয় ইজাজ ফুটবল একাডেমীর মিজান। রেফারী ছিলেন মাহবুব মোড়ল ও তার সহকারী ছিলেন ইকরাম বন্দ ও শেখ মঈন। আজ এই টুর্নামেন্টের কোন খেলা অনুষ্ঠিত হবে না। আগামীকাল বিকাল ৪টায় খুলনা ইউরো ফুটবল একাডেমী ও খুলনা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের খেলা অনুষ্ঠিত হবে।

বাগেরহাট জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন

হাবিব-সেলিম প্যানেল বিনা-প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত

।। বাগেরহাট ব্যুরো।।

বাগেরহাট জেলা ক্রীড়া সংস্থার নির্বাচনে ২৪টি পদে পৌরসভার মেয়র খান হাবিবুর রহমান-সরদার সেলিম আহমেদ প্যানেল বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো: আজাহারুল ইসলাম শনিবার এক গেজেটে তাদের নির্বাচিত ঘোষণা করেন।

বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত কর্মকর্তাগণ হচ্ছেন, সহ-সভাপতি পদে বাগেরহাট পৌরসভার মেয়র ও এককালের কৃতি ফুটবলার খান হাবিবুর রহমান, ক্রীড়া সংস্থার সাবেক সাবেক সাধারণ সম্পাদক মীর জুলফিকার আলী লুলু, সদর উপজেলা চেয়ারম্যান খান মুজিবর রহমান, সাধারণ সম্পাদক সরদার সেলিম

আহমেদ, সহ-সাধারণ সম্পাদক শেখ হায়দার আলী বাবু, যুগ্ম-সম্পাদক অমিত রায় ও খোন্দকার আসিফ উদ্দিন রাখী, কোষাধ্যক্ষ সরদার ওমর ফারুখ। ১৬ জন নির্বাহী সদস্যরা হলেন, তানুজী নাগ, বায়েজিদুল ইসলাম, মোল্লা রবিউল ইসলাম, মীর ফজলে সাঈদ ডাবলু, স্বপন কুমার দেব, খোন্দকার আশিক উদ্দিন বাপ্পি, শেখ ইলিয়াস হোসেন, সরদার আবুল কালাম মিন্টু, মোঃ সিরাজ উদ্দিন সাহিন, শফিকুর রহমান মিলন, এম এস আলম, কামরুল হাসান কচি, আলতাফ হোসেন টিপু, যতিন বিশ্বাস, সেলিমা বেগম ও আমেনা বেগম। এই কমিটি আগামী চার বছর দায়িত্ব পালন করবে। বাগেরহাট পৌরসভার মেয়র ও জেলা ক্রীড়া সংস্থার নবনির্বাচিত সহ-সভাপতি খান হাবিবুর রহমান জানান, জেলা ক্রীড়া সংস্থার নির্বাচনে এবার প্রাক্তন খেলোয়াড় ও ক্রীড়া সংগঠকদের সমন্বয় একটি কমিটি গঠন করা হয়েছে।

খুলনায় অনূর্ধ-১৩ ফুটবল লীগ

আবাহনী, এসবি আলী স্মৃতি ও চরেরহাটের জয়

।। স্পোর্টস রিপোর্টার।।

খুলনা জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে জেলা স্টেডিয়ামে অনুষ্ঠানরত অনূর্ধ-১৩ ফুটবল লীগের খেলায় এসবি আলী স্মৃতি সংসদ, চরেরহাট একাডেমী ও খুলনা আবাহনী ক্রীড়া চক্র জয়ের আনন্দ নিয়ে মাঠ ছেড়েছে। দিনের প্রথম খেলায় এসবি আলী স্মৃতি সংসদ ৮-০ গোলে সানফ্লাওয়ার স্পোর্টিং ক্লাবকে, দ্বিতীয় খেলায় চরেরহাট একাডেমী ১-০ গোলে নীরোদ-ক্ষীরোদ স্মৃতি সংসদকে এবং তৃতীয় খেলায় খুলনা আবাহনী ক্রীড়া চক্র ৪-০ গোলে রায়েরমহল স্পোর্টিং একাডেমীকে হারিয়ে পূর্ণ পয়েন্ট লাভে সক্ষম হয়। আজকের খেলাঃ প্রথম ম্যাচ: রায়েরমহল স্পোর্টিং একাডেমী বনাম আবুল বাশার স্মৃতি সংসদ-বিকায় ৩-০০টা। দ্বিতীয় খেলা: এসবি আলী স্মৃতি সংসদ বনাম ব্রাদার্স ইউনিয়ন-বিকাল ৪-০০টা। তৃতীয় খেলা: নীরোদ-ক্ষীরোদ স্মৃতি সংসদ বনাম সানফ্লাওয়ার স্পোর্টিং ক্লাব-বিকাল ৫-০০টা।

বাংলাদেশ-ফুটবল

বাংলাদেশ দলের নতুন ফুটবল কোচ বুধবার আসছেন

।। স্পোর্টস রিপোর্টার।।

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান কোচ হয়েছেন ক্রোয়েশিয়ার রবার্ট রুপচিচ। চুক্তি হয়েছে এক বছরের জন্য। গত ১ সেপ্টেম্বর থেকে মেয়াদ শুরু হয়ে গেলেও এখনো ঢাকায় পা রাখেননি রুপচিচ। আগামী বুধবার ঢাকা আসবেন ৪৭ বছর বয়সী এই কোচ। যদিও ঢাকায় আসার আগেই তাকে নিয়ে কর্মপরিকল্পনা চূড়ান্ত করেছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন।

এক বছরের চুক্তি হলেও রবার্ট রুপচিচকে ১১ মাস ব্যবহার করতে পারবে বাফুফে। আগামী বছরের ৩১ জুলাই পর্যন্ত দায়িত্ব পালনের পরের মাসটি ছুটি হিসেবে গণ্য হবে। জাতীয় ফুটবল দল এই এক বছরে আনুষ্ঠানিকভাবে তিনটি টুর্নামেন্ট কিংবা বাছাই ফুটবল খেলবে। প্রথমেই থাকছে এশিয়ান গেমস ফুটবল। এরপরে প্রি-অলিম্পিকের ম্যাচ এবং আগামী বছরের মার্চে রয়েছে এএফসি চ্যালেঞ্জ কাপ ফুটবল। এছাড়া তিনটি আনুষ্ঠানিক আসরের বাইরে জাতীয় দলের নতুন কোনো কার্যক্রম থাকলে সেখানে কোচ থাকবেন রুপচিচ। ১১ মাসের দায়িত্ব পালনে এশিয়াড হবে তার প্রথম মিশন। আপাতত স্থানীয় সাইফুল বারী টিটু রয়েছেন এর দায়িত্বে। এশিয়াডের মতো প্রি-অলিম্পিকে অনুর্ধ্ব-২৩ দল থাকছে। চ্যালেঞ্জ কাপে থাকবে জাতীয় দল। সেই ২০০০ সাল থেকেই ফুটবল কোচিংয়ে জড়িত আছেন রুপচিচ। জাতীয় দলের হয়ে দুটি ম্যাচ খেলা এই সাবেক ফুটবলার সর্বশেষ ক্রোয়েশিয়ার রাইজেকা ফুটবল ক্লাবের কোচ ছিলেন। উয়েফার প্রফেশনাল লাইসেন্সধারী কোচ তিনি।

ফ্রান্স ছাড়া জিতেছে সব ফেবারিটরাই

।। স্পোর্টস রিপোর্টার ।।

বিশ্বকাপ এবং ইউরো চ্যাম্পিয়ন স্পেন প্রথম দল হিসেবে জয় দিয়ে টানা দ্বিতীয়বার ইউরো জয়ের পথে পা বাড়ালো। শুক্রবার রাতে ইউরো ২০১২ এর বাছাই পর্বের খেলায় আরো জয় পেয়েছেন হল্যান্ড, ইংল্যান্ড এবং জার্মানি। কিন্তু হেরে গেছে ফ্রান্স। ভিসেন্ত দেল বস্কোর দল স্পেন বিশ্বকাপ জয়ের পর প্রথম প্রতিযোগিতামূলক ম্যাচ খেলতে নেমেছিল দুর্বল লিচেনটেনস্টেইনের বিপক্ষে। নিজেদের মাঠ ভালদেসেই তারা স্পেনের কাছে হেরে গেছে ০-৪ গোলে। বিশ্বকাপে চোটের জন্য নিজেকে চেনাতে না পারা স্ট্রাইকার ফার্নান্ডো টোরেস ফর্মে ফিরেছেন। করেছেন দুই গোল। বিশ্বকাপ রানার্স আপ হল্যান্ড দুর্বল প্রতিপক্ষ সানমারিনোকে হারিয়েছে ৫-০ গোলে। লিভারপুলে ডার্ক কুইট প্রথম গোলটি করলেও, হ্যাটট্রিক করে ম্যাচ সেরা হয়েছেন ক্লাস ইয়ান হান্টেলার। ওয়েম্বলিতে ইংল্যান্ডও দুর্দান্ত খেলে ৪-০ গোলে উড়িয়ে দেয় বুলগেরিয়াকে। এ ম্যাচে হ্যাটট্রিক করেন স্ট্রাইকার জার্মেইন ডিফো। বিশ্বকাপে তৃতীয় হওয়া জার্মানিকে জিততে বেশ কষ্টই করতে হয়েছে। ব্রাসেলসে বেলজিয়ামকে তারা হারিয়েছে ১-০ গোলে। আরেক খেলায় তুরস্ক ৩-০ গোলে হারায় কাজাখস্তানকে। ফ্রান্সের দুর্দিন আর শেষই হচ্ছে না। বিশ্বকাপের পর প্রথম প্রীতি ম্যাচে তারা ২-১ গোলে হেরেছিল নরওয়ের কাছে। এবার ইউরো বাছাই পর্বেও তারা নিজেদের মাঠে ১-০ গোলে হেরে গেছে বেলারুশের কাছে। ইতালি ২-১ গোলে হারায় এস্তোনিনিয়াকে। পর্তুগাল ও সাইপ্রাসের মধ্যে খেলাটি ৪-৪ গোলে ড্র হয়। ইউরো ২০০৪ এর চ্যাম্পিয়ন গ্রিস প্রথমে পিছিয়ে পড়েও ১-১ গোলে ড্র করে জর্জিয়ার সঙ্গে। আয়ারল্যান্ড ১-০ গোলে হারায় আর্মেনিয়াকে। লিথুনিয়ার সঙ্গে গোলশূন্য ড্র করেছে স্কটল্যান্ড। আর ওয়েলস ১-০ গোলে হারায় মন্টেনেগ্রোকে।

শচীনের পর এবার মুখ খুললেন দ্রাবিড়

।। স্পোর্টস রিপোর্টার ।।

তিন পাকিস্তানি ক্রিকেটার সালমান বাট, মোহাম্মদ আসিফ ও মোহাম্মদ আমিরের স্পট ফিক্সিংয়ে জড়িয়ে পড়ার অভিযোগের পর এবার মুখ খুললেন রাহুল দ্রাবিড়ও। ম্যাচ গড়াপেটার কলঙ্ক থেকে এখনই ক্রিকেটকে মুক্ত করার সবচেয়ে বড় সুযোগ বলে মনে করছেন তিনি। ভারতীয় ব্যাটসম্যান রাহুল দ্রাবিড় বললেন, ওই তিন ক্রিকেটারকে সাময়িক নিষিদ্ধ করে ইতিবাচক পদক্ষেপই নিয়েছে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল। কিন্তু একই সঙ্গে অভিযুক্তদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে ব্যাপারটির যুক্তিসঙ্গত ইতি টানতে হবে। দ্রাবিড় বলেন, সত্য নিষ্ঠুর হলেও তা আমাদের জানতে হবে। কাউকেই অপরাধ প্রমাণের আগে দোষী বলা ঠিক নয়। তবে সুষ্ঠুভাবে তদন্তের পর কেউ দোষী বলে প্রমাণিত হলে তার নামটি জনগণকে জানাতে হবে। দিতে হবে উদাহরণযোগ্য শাস্তি। সেটা হতে পারে এমননি আজীবন নিষেধাজ্ঞা। রাহুল দ্রাবিড় মনে করেন, এখন ক্রিকেটের দুঃসময়। তিনি বলেন, ক্রিকেট একটা ক্রান্তিকাল অতিক্রম করছে। কিছু খারাপ লোকের কারণে ক্রিকেট অপমানিত হচ্ছে। এদের কোনো ছাড় দেয়া উচিত নয়। কারণ ছাড় পেলে লোকজন কিছুদিনের মধ্যেই তাদের অপরাধের কথা ভুলে যাবে। ফলে একই ঘটনা ফের ঘটবে।

পাকিস্তান দলে আসাদ শফিক ও মো: ইরফান

।। স্পোর্টস রিপোর্টার ।।

লর্ডস টেষ্টে পাতানো খেলার অভিযোগে আইসিসি পাকিস্তান দলনায়ক সলমান বাট, মো: আসিফ ও মো: আমিরকে নিষিদ্ধ করেছে। তাদের স্থান পূরণের জন্য ইংল্যান্ড সফরে দলে ডাক পেয়েছে ব্যাটসম্যান

আসাদ শফিক ও দীর্ঘদেহী পেসার মো: ইরফান। আসাদ শফিক ও মো: ইরফান বর্তমান পাকিস্তান ‘এ’-দলের সদস্য হিসাবে শ্রীলংকা সফর করছে। আসাদের জাতীয় দলে খেলার অভিজ্ঞতা থাকলেও ইরফান এবারি প্রথম জাতীয় দলে সুযোগ পেল। গত এশিয়া কাপে বাংলাদেশের বিরুদ্ধে খেলায় শফিক পাকিস্তান দলে খেলেছিল। উল্লেখ্য, প্রায় ৭ ফুট দীর্ঘ ইরফান আগে কয়েকবার জাতীয় ট্রায়েলে ডাক পেলেও এবার দুই পেসার মো: আসিফ ও মো: আমির নিষিদ্ধ হওয়ায় তার ভাগ্য খুলেছে।

ক্লাইস্টার্স, ভেনাস, সামান্থা, এলেনা ও আনার জয়

।। স্পোর্টস রিপোর্টার।।

ইউএস ওপেনের চতুর্থ পর্বে উঠেছেন কিম ক্লাইস্টার্স, ভেনাস উইলিয়ামস, সামান্থা স্তসুর, এলেনা দেমিন্তিয়েভা ও আনা ইভানোভিচ। বর্তমান চ্যাম্পিয়ন বেলজিয়ামের ক্লাইস্টার্স ৬-৩, ৬-০ গেমে হারান পেট্রা কেভিটোভাকে। টুর্নামেন্টের দ্বিতীয় বাছাই ক্লাইস্টার্স এ নিয়ে টানা ১৭টি ম্যাচ জিতলেন। যুক্তরাষ্ট্রের ভেনাস উইলিয়ামস ৬-২, ৬-১ গেমে ম্যান্ডি মিনেলাকে, সামান্থা ৬-২, ৬-৩ গেমে সারা ইরানিকে, এলেনা ৭-৫, ৬-২ গেমে ড্যানিয়েলা হ্যানতুচোভাকে এবং আনা ইভানোভিচ ৭-৫, ৬-০ গেমে ভার্জিনি রাজ্জানোকে হারিয়েছেন। এদিকে পুরুষ এককের শীর্ষ বাছাই রাফায়াল নাদাল তৃতীয় পর্বে পৌঁছে গেছেন। তিনি ৬-২, ৭-৬, ৭-৫ গেমে হারান ডেনিস স্টোমিনকে।

ফোরলানের গোলে জিতলো অ্যাথলেটিকো মাদ্রিদ

।। স্পোর্টস রিপোর্টার।।

দক্ষিণ আফ্রিকা বিশ্বকাপের ধারাবাহিকতা ধরে রেখেছেন তিনি ক্লাব ফুটবলেও। স্পেনের লা লিগায় (স্প্যানিশ ফুটবল লীগ) দিয়েগো ফোরলানের দুই গোলের সুবাদে অ্যাথলেটিকো মাদ্রিদ ৪-০ গোলে স্রেফ উড়িয়ে দিয়েছে স্পোর্টিং গিজনকে। বাকি দু’টি গোল করেন জুরাডো এবং সিমাও। দক্ষিণ আফ্রিকা বিশ্বকাপে সেরা ফুটবলারের পুরস্কার পেয়েছিলেন উরুগুয়ের আক্রমণভাগের খেলোয়াড় ফোরলান। গোল দিয়েছিলেন পাঁচটি। এর আগে গত শুক্রবার ইউরোপীয় সুপার কাপ ফাইনালে চ্যাম্পিয়ন্স লিগ বিজয়ী ইন্টার মিলানকে হারিয়ে শিরোপা জেতে অ্যাথলেটিকো। সোমবার গিজনের বিপক্ষেও দেখা গেছে সেই ধার। ইতালির সেরি ‘আ’ তে (ইতালিয়ান ফুটবল লীগ) বর্তমান চ্যাম্পিয়ন ইন্টার মিলানও তাদের প্রথম খেলায় হোঁচট খেয়েছে। ড্র করেছে বোলনার সঙ্গে। কোনো পক্ষই গোল করতে পারেনি।

টুয়েন্টি-২০ প্রথম ম্যাচ আজ

ব্রড ও সোয়ান পাকিস্তানের সাথে খেলতে আগ্রহী

।। স্পোর্টস রিপোর্টার।।

ম্যাচ পাতানোর সঙ্গে পাকিস্তানি ক্রিকেটারদের জড়িত থাকার অভিযোগ নিয়ে ক্রিকেট বিশ্ব যখন উত্তাল, তখন ২০ ওভার ও একদিনের সিরিজ চালিয়ে যাওয়ার পক্ষে মত দেন ইংল্যান্ডের দুই ক্রিকেটার গ্রায়েম সোয়ান এবং স্টুয়ার্ট ব্রড। কার্ডিফে ২০ ওভারের দু’টি খেলা হওয়ার কথা, ৫ ও ৭ সেপ্টেম্বর। পাঁচ ম্যাচের একদিনের সিরিজের প্রথমটি হওয়ার কথা চেস্টার লি স্ট্রিটে, ১০ সেপ্টেম্বর। স্পিনার গ্রায়েম সোয়ান বলেন, পাকিস্তানের বিপক্ষে ২০ ওভার এবং একদিনের সিরিজ খেলার জন্য আমি মুখিয়ে আছি। একজন খেলোয়াড় হিসেবে আমি কখনোই চাই না যে মাঝপথে বাতিল হয়ে যাক সিরিজ। এছাড়া সবকিছুই তো এখন অভিযোগের পর্যায়ে রয়েছে। কোনো কিছুই প্রমাণ হয়নি। কয়েকজন খারাপ লোকের কারণে তো ক্রিকেট থেমে থাকতে পারে না। টেস্ট সিরিজে অসাধারণ বল করেছেন আমির। স্টুয়ার্ট ব্রড

মনে করেন একদিনের সিরিজ চালিয়ে যাওয়া উচিত। অন্যথায় জয় হবে জুয়ারিদেরই। তদন্ত চলছে এবং কোনো কিছুই প্রমাণ হয়নি। কেবল অভিযোগ উঠেছে। সুতারাং সিরিজ বাতিল করা উচিত হবে না।

ফুটবলকে বিদায় জানালো স্পেনের মরিয়েন্তেস

।। স্পোর্টস রিপোর্টার।।

প্রতিযোগিতামূলক ফুটবলকে বিদায় জানালেন ফার্নান্দো মরিয়েন্তেস। এক সময় স্পেন ফুটবল দল এবং রিয়াল মাদ্রিদের অন্যতম সেরা তারকা ছিলেন আক্রমণভাগের এই খেলোয়াড়। স্পেনের একটি বেতার কেন্দ্রকে ৩৪ বছর বয়সী মরিয়েন্তেস বলেন, তিনি তার বুট ও জার্সি তুলে রেখেছেন। পর্তুগালের ক্লাব স্পোর্টিং লিসবনের হয়ে আরো একটি মৌসুম খেলার প্রস্তাব এরই মধ্যে ফিরিয়ে দিয়েছেন তিনি। এছাড়া মেক্সিকো, কাতার এবং দুবাই থেকে টিভি ধারাভাষ্যকার হওয়ারও প্রস্তাব পেয়েছিলেন মরিয়েন্তেস। আপাতত সে কাজও নিচ্ছেন না। ১৯৯৭ থেকে ২০০৩ সাল পর্যন্ত রিয়ালকে তিনবার চ্যাম্পিয়ন্স লিগ, দু'বার লা লিগা এবং দু'বার ইন্টারকন্টিনেন্টাল কাপের শিরোপা এনে দিয়েছিলেন রাউল গঞ্জালেসের সঙ্গে জুটি বেঁধে মরিয়েন্তেস ও দলের অন্য খেলোয়াড়রা। ২০০৪ সালে মোনাকোকে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে তুলতে বড় ভূমিকা পালন করেছিলেন মরিয়েন্তেস। ২০০৫ সালে তিনি যোগ দেন লিভারপুলে। সেখান থেকে ভ্যালেন্সিয়া হয়ে ফুটবল জীবনের ইতি টানলেন মার্সেইয়ে। স্পেনের হয়ে ৪৭ ম্যাচে ২৭ গোল করে চতুর্থ সর্বাধিক গোলদাতার আসন ধরে রেখেছেন মরিয়েন্তেস।